


দৈনিক
# চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
শুক্রবার
রেজিঃ নং-চ-৫১৩
২৫ সেপ্টেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৫২
১০ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১২ রবিঃ সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

## মতলবে ডেঙ্গুর উপসর্গ নিয়ে হাসপাতালে চিকিৎসাধীন যুবকের মৃত্যু



বিশেষ প্রতিনিধি

মতলব উত্তরে ডেঙ্গুর উপসর্গ নিয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হওয়ার প্রায় দুই ঘণ্টা পর মো. সিয়াম (২০) নামে যুবকের মৃত্যু হয়েছে।

বুধবার (২৩ সেপ্টেম্বর) রাতে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। সিয়াম উপজেলার খাগুরিয়া গ্রামের কৃষক আব্দুস সোবাহানের ছেলে।

স্বজনেরা জানান, প্রায় এক সপ্তাহ ধরে প্রচণ্ড জ্বরে ভুগছিলেন সিয়াম। তবে তিনি হাসপাতালে না গিয়ে বাড়িতেই ছিলেন। বুধবার সন্ধ্যা ৭টার দিকে শারীরিক অবস্থার গুরুতর অবনতি হলে তাঁর বাবা আব্দুস সোবাহান তাঁকে মতলব উত্তর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে নিয়ে আসেন।

হাসপাতালে পরীক্ষা-নিরীক্ষার পর তাঁর শরীরে ডেঙ্গুর উপসর্গ পাওয়া যায়। এ সময় সিয়ামের নাক ও মুখ দিয়ে অতিরিক্ত রক্তক্ষরণ হচ্ছিল। অবস্থার অবনতি হলে চিকিৎসকেরা তাঁকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানোর সিদ্ধান্ত নেন। এ জন্য অ্যাম্বুলেন্সও প্রস্তুত করা হয়। তবে ঢাকায় নেওয়ার আগেই তাঁর অবস্থার আরও অবনতি হলে রাত ৯টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। সিয়ামের বাবা আব্দুস সোবাহান বলেন, 'আমার ছেলে গত ৩-এর পাতায় দেখুন

## সালাহউদ্দিন সাহেব সব মন্ত্রণালয়ের বিষয়ে দায়িত্বশীল, শুধু নিজেরটা পারেন না : জামায়াত আমির

দিগন্ত ডেস্ক

সাধারণ মানুষের মুখে এখন কথা ভাসছে যে, সালাহউদ্দিন সাহেব সব মন্ত্রণালয়ের বিষয়ে অত্যন্ত দায়িত্বশীল ও খোঁজখবর রাখেন, অথচ শুধু নিজের মন্ত্রণালয়ের দায়িত্বটাই তিনি ঠিকমতো সামলাতে পারছেন না। জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বৃহস্পতিবার বিকেলে সিলেট সার্কিট হাউসে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে আয়োজিত মতবিনিময় সভায় এ কথা বলেন।

দেশের সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ও সরকারি দলের ভূমিকা নিয়ে কথা বলতে গিয়ে তিনি সরকারের দাবির কঠোর সমালোচনা করেন। আইনশৃঙ্খলা পরিস্থিতি আগের চেয়ে ভালো– সরকারের ৩-এর পাতায় দেখুন

## আল আমিন একাডেমি স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি বাতিল করে সোসাইটির দাখিলীয় কমিটি অনুমোদনের দাবিতে চাঁদপুর আল-আমিন সোসাইটির সাংবাদিক সম্মেলন




*চাঁদপুর আল-আমিন একাডেমির সোসাইটি কর্তৃক পরিচালিত গভর্নিং বডি বহালের দাবিতে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন চাঁদপুর আল-আমিন সোসাইটি'র সেক্রেটারি অ্যাডভোকেট মো. শাহজাহান মিয়া।*

স্টাফ রিপোর্টার

চাঁদপুরের ঐতিহ্যবাহী আল আমিন একাডেমি স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি বাতিলের প্রতিবাদে ও সোসাইটির দাখিলীয় কমিটি অনুমোদনের দাবিতে সংবাদ সম্মেলন করেছে চাঁদপুর আল-আমিন সোসাইটি।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) বিকেল ৪টায় চাঁদপুর প্রেস ক্লাব মিলনায়তনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

চাঁদপুর আল-আমিন সোসাইটি'র সেক্রেটারি অ্যাডভোকেট মো. শাহজাহান মিয়া লিখিত বক্তব্যে বলেন, দীর্ঘ ৪৮ বছরের পথচলায় আল-আমিন একাডেমি চাঁদপুরের অন্যতম ঐতিহ্যবাহী ও সুনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠেছে। এ প্রতিষ্ঠানের সাবেক শিক্ষার্থীরা বর্তমানে ডাক্তার, প্রকৌশলী, ব্যবসায়ী, সরকারি কর্মকর্তা, সামরিক কর্মকর্তা ও বিভিন্ন পেশায় গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন।

তিনি বলেন, প্রতিষ্ঠানের ধারাবাহিক সাফল্যের অংশ হিসেবে ২০২৫ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষায় ৩-এর পাতায় দেখুন

## হাজীগঞ্জে সাপের কামড়ে কৃষকের মৃত্যু

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে মাঠে কৃষিকাজ শেষে বাড়ি ফেরার পর বিষাক্ত সাপের কামড়ে মো. আব্দুল হান্নান মিজি (৪৫) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

বুধবার (২৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় উপজেলার বড়কুল পশ্চিম ইউনিয়নের গোবিন্দপুর গ্রামের মিজি বাড়িতে এ ঘটনা ঘটে। নিহত হান্নান মিজি ওই বাড়ির আবুল কালামের ছোট ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, বুধবার বিকালে হান্নান মিজি বিলের মাঠে কৃষিকাজ শেষ করে বাড়ি ফেরেন। বাড়িতে এসে খাওয়া-দাওয়ার পর তিনি বিশ্রাম নিচ্ছিলেন। এ সময় হঠাৎ তার শরীরে প্রচণ্ড ব্যথা শুরু হয় এবং বমি করতে থাকেন। অবস্থা গুরুতর দেখে পরিবারের ৩-এর পাতায় দেখুন



*মতলব উত্তরে এলজিইডির গুরুত্বপূর্ণ সড়কের পিচ উঠে গিয়ে ছোট-বড় অসংখ্য গর্তের সৃষ্টি।*

## বৃষ্টিতে বেহাল মতলব উত্তরের গুরুত্বপূর্ণ সড়ক

শামীম মিয়াজী

মতলব উত্তর উপজেলায় হালকা বৃষ্টিতেই এলজিইডির একটি গুরুত্বপূর্ণ সড়কের পিচ উঠে গিয়ে সৃষ্টি হয়েছে ছোট-বড় অসংখ্য গর্ত। এতে ঝুঁকি নিয়ে চলাচল করতে হচ্ছে পথচারী ও যানবাহনকে। দ্রুত সড়কটি সংস্কার করা না হলে বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা করছেন স্থানীয়রা।

সরেজমিনে দেখা যায়, উপজেলার ফরাজীকান্দি ইউনিয়নের উত্তর সরদারকান্দি-ছোটহলদিয়া হয়ে মতলব ৩-এর পাতায় দেখুন

## টেকসই শান্তি প্রতিষ্ঠায় নারীর নেতৃত্ব নিশ্চিতে জোর বাংলাদেশের

নিজস্ব প্রতিবেদক

টেকসই শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠায় নারীর নেতৃত্ব ও অর্থবহ অংশগ্রহণ নিশ্চিতে জোর দিয়েছে বাংলাদেশ। নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত 'উইমেন, পিস অ্যান্ড সিকিউরিটি (ডব্লিউপিএস) ফোকাল পয়েন্টস নেটওয়ার্ক'-এর বার্ষিক মন্ত্রী পর্যায়ের বৈঠকে বাংলাদেশের পক্ষে এ বিষয়গুলো তুলে ধরেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয় এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানায়। পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সাইডলাইনে ফিলিপাইন, ইতালি ও ইউএন উইমেনের যৌথ উদ্যোগে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের নারী, শান্তি ও নিরাপত্তা বিষয়ক রেজুলেশন ৩-এর পাতায় দেখুন

## ফরিদগঞ্জে কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক রিমন গ্রেপ্তার

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে পুলিশি অভিযানে ফরিদগঞ্জ ডিগ্রি কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক এবং সাবেক পৌর মেয়র ও পৌর আ'লীগের সাধারণ সম্পাদক মাহফুজুল হকের ছোট ভাই মো. মহিউদ্দিন রিমন (৩০) গ্রেফতার



হয়েছে। বুধবার (২৩ সেপ্টেম্বর) রাতে উপজেলার রূপসা বাজার এলাকায় বিশেষ অভিযান চালিয়ে তাঁকে গ্রেফতার করে থানা পুলিশ।

গ্রেপ্তারকৃত মহিউদ্দিন রিমন ফরিদগঞ্জ সদর এলাকার মাওলানা শহীদুল্লাহ পাটওয়ারীর ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে, ফরিদগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ এরশাদ উল্যাহর নির্দেশনায় পুলিশের একটি চৌকস টিম রূপসা বাজার এলাকায় অভিযান পরিচালনা করে মহিউদ্দিন রিমনকে গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃত ছাত্রলীগ নেতার বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে দায়ের হওয়া একটি মামলায় আইনগত ব্যবস্থা ৩-এর পাতায় দেখুন

## হাইমচরে চোরাই ব্যাটারিসহ ২ চোর গ্রেফতার

হাইমচর প্রতিনিধি



হাইমচর উপজেলায় একটি চোরাই মামলার ঘটনায় ১২ ভোল্টের একটি ব্যাটারিসহ সন্দেহভাজন দুই আসামিকে গ্রেফতার করেছে হাইমচর থানা পুলিশ।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) সকালে হাইমচর থানাধীন মহজমপুর এলাকার আলগী পশ্চিম বাজার সংলগ্ন পাকা রাস্তা থেকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন শাকিল দেওয়ান (২৫): পিতা- বিল্লাল দেওয়ান, সাং- মহজমপুর (৮নং ওয়ার্ড)। আনোয়ার হোসেন (২৮): পিতা- কালু মিয়া গাজী, সাং- মধ্য চরভাঙ্গা (৯নং ওয়ার্ড), হাইমচর, চাঁদপুর।

পুলিশ সূত্রে জানা যায়, হাইমচর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ শাহ্ আলম, পিপিএম-সেবা-র সার্বিক দিকনির্দেশনায় এসআই ফারুক উল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ অভিযানটি পরিচালনা করেন। এ সময় তাদের নিকট থেকে চোরাইকৃত প্রায় সাড়ে পনেরো হাজার টাকা মূল্যের একটি বিশেষ ব্র্যান্ডের 'ঐ চগুডউজ' ব্যাটারী জব্দ করা হয়।

এ ঘটনায় হাইমচর থানায় পেনাল কোডের ৪৫৭/৩৮০ ধারায় একটি নিয়মিত মামলা (এফআইআর নং- ২৯, তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৬; জিআর নং- ২৫৫) রুজু করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, আজ দুপুরে আইনি প্রক্রিয়া শেষে ধৃত আসামীদের যথাযথ পুলিশ প্রহরায় বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।



*চট্টগ্রাম বিভাগীয় অঞ্চল পর্যায়ের 'বুক সাঁতার' প্রতিযোগিতায় লড়বেন চাঁদপুরের ছামিয়া।*

## সাঁতার প্রতিযোগিতায় এবার বিভাগীয় পর্যায়ে লড়বেন চাঁদপুরের ছামিয়া

স্টাফ রিপোর্টার

৫৩তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার 'বুক সাঁতার' ইভেন্টে ধারাবাহিক সাফল্য অর্জন করেছেন চাঁদপুর পৌরসভা পরিচালিত হাফেজ মাহমুদা পৌর বালিকা উচ্চ বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী ছামিয়া আক্তার। প্রতিযোগিতায় ছামিয়া আক্তার উপজেলা ও জেলা পর্যায়ে প্রথম স্থান অর্জনের পর কুমিল্লা উপ-অঞ্চল পর্যায়েও নিজের শ্রেষ্ঠত্ব ধরে রাখেন। তার এই সাফল্যের মধ্য দিয়ে চট্টগ্রাম বিভাগীয় অঞ্চল পর্যায়ের 'বুক সাঁতার' প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পেয়েছেন তিনি।

ছামিয়ার ধারাবাহিক সাফল্যে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি হয়েছে। আগামী বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায়ও ভালো ফলাফল অর্জনের প্রত্যাশা করছেন সংশ্লিষ্টরা।

এদিকে, ছামিয়া আক্তারের এই অর্জনে চাঁদপুর পৌরসভার প্রশাসক ও প্রধান নির্বাহী কর্মকর্তার পক্ষ থেকে তাকে আন্তরিক অভিনন্দন ও শুভকামনা জানানো হয়েছে। একই সঙ্গে বিভাগীয় পর্যায়ে সাফল্য ধরে রেখে চাঁদপুরের জন্য আরও গৌরব বয়ে আনবে এমন প্রত্যাশা ব্যক্ত করা হয়েছে।

## জাপান ও অস্ট্রেলিয়াসহ অপ্রচলিত বাজারে তৈরি পোশাক রপ্তানিতে নতুন রেকর্ড

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানিতে জাপান, অস্ট্রেলিয়া, ভারত, রাশিয়া ও মেক্সিকোসহ অপ্রচলিত বাজারের গুরুত্ব ক্রমেই বাড়ছে। চলতি ২০২৬-২৭ অর্থবছরের আগস্টে এসব বাজারে তৈরি পোশাক রপ্তানি রেকর্ড ৬৪২ দশমিক ৯৩ মিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে, যা এক মাসে এ খাতে সর্বোচ্চ রপ্তানি। গত দুই বছর অপ্রচলিত বাজারে তৈরি পোশাক রপ্তানিতে তেমন অগ্রগতি না থাকলেও চলতি অর্থবছরে চিত্রে পরিবর্তন এসেছে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য অনুযায়ী, আগস্টে রেকর্ড ৩-এর পাতায় দেখুন



*ফরিদগঞ্জ পৌর এলাকার কেরোয়া মিরপুর সড়ক।*

## নির্মাণের ৪ মাসেই ফরিদগঞ্জের কোটি টাকার সড়কে ধ্বস

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ পৌর এলাকার কেরোয়া ব্রিজ থেকে মিরপুর ব্রিজ পর্যন্ত সদ্য নির্মিত সড়কের বিভিন্ন অংশ নির্মাণের মাত্র চার মাসের মধ্যেই ধ্বসে পড়েছে। ১ কোটি ৯৩ লাখ ৭২ হাজার ৯২৮ টাকা ব্যয়ে নির্মিত গুরুত্বপূর্ণ এ সড়কের দুপাশের মাটি সরে গিয়ে বিভিন্ন স্থানে ফাঁপা সৃষ্টি হয়েছে। এরই মধ্যে সড়কের একটি বড় অংশ ধ্বসে পড়ায় নির্মাণকাজের মান ও স্থায়িত্ব নিয়ে প্রশ্ন তুলেছেন স্থানীয় বাসিন্দারা।

সরেজমিনে দেখা যায়, কেরোয়া ব্রিজ থেকে মিরপুর ব্রিজ পর্যন্ত সড়কের বিভিন্ন স্থানে পাশের মাটি সরে গেছে। এর মধ্যে একটি অংশে প্রায় ১৫ থেকে ২০ ফুট জায়গাজুড়ে সড়কের পাশ ধসে পড়েছে। সড়কের নিচ থেকে মাটি সরে যাওয়ায় কোথাও কোথাও বড় ফাঁকা জায়গার সৃষ্টি হয়েছে। দ্রুত সংস্কার করা না হলে ধস আরও বিস্তৃত হওয়ার আশঙ্কা করছেন স্থানীয়রা।

স্থানীয় বাসিন্দা শরিফ হোসেন ও সোহাগ সর্দার বলেন, দীর্ঘদিনের দাবির পর গুরুত্বপূর্ণ এ সড়কটি নির্মাণ করা হয়েছে। কিন্তু নির্মাণের কয়েক মাস না যেতেই বিভিন্ন স্থানে ধস দেখা দিয়েছে। সড়কের পাশের মাটি সরে গিয়ে নিচে ফাঁকা হয়ে ৩-এর পাতায় দেখুন

## চাঁদপুরে পুকুর ভরাট করে খামারের বর্জ্য ফেলায় ১ লাখ টাকা জরিমানা

শহর প্রতিনিধি

চাঁদপুর শহরের উত্তর-পশ্চিম বিষ্ণুদী এলাকায় পুকুরের অংশবিশেষ ভরাট করে গরুর খামারের বর্জ্য ফেলায় মো. শাহাদাত হোসেন গাজী (৩০) নামে এক ব্যক্তিকে এক লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে ভরাট করা অংশ খনন করে সেখানকার বর্জ্য ৩-এর পাতায় দেখুন

### ইতিহাসে ২৫ সেপ্টেম্বর

১৬৩৯ সালে আমেরিকায় প্রথম ছাপাখানা স্থাপিত হয়। ১৯৬৪ সালে পর্তুগালের বিরুদ্ধে মোজাম্বিকের স্বাধীনতা যুদ্ধ শুরু হয়। ১৯৬৯ সালে ওআইসি-এর চার্টার স্বাক্ষরিত হয়। ১৯৭২ সালে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দেয় ভ্যাটিকান সিটি। ১৯৭৪ সালে জাতিসংঘের ২৯তম অধিবেশনে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ মুজিবুর রহমান বাংলায় ভাষণ দেন। এছাড়া, এইদিন ওআইসি প্রতিষ্ঠা দিবস এবং বিশ্ব ফার্মাসিস্ট দিবস পালিত হয়।



*মতলব দক্ষিণের কেএফটি কলেজিয়েট স্কুলের দশম শ্রেণির শিক্ষার্থী সামিউ ইমাম পুষ্প ও সানিয়া।*

## মালয়েশিয়ায় রোবোটিক্স প্রতিযোগীতায় মতলবের ২ শিক্ষার্থীর স্বর্ণপদক অর্জন

মতলব দক্ষিণ প্রতিনিধি

মালয়েশিয়ায় অনুষ্ঠিত আন্তর্জাতিক রোবোটিকস প্রতিযোগিতায় স্বর্ণপদক (গোল্ড মেডেল) অর্জন করে প্রথম স্থান লাভ করেছে মতলব দক্ষিণ উপজেলার স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান কেএফটি কলেজিয়েট স্কুলের দশম শ্রেণির দুই শিক্ষার্থী।

বুধবার (২৩ সেপ্টম্বর) সকালে প্রতিযোগিতার সমাপনী দিনে শিক্ষার্থী মো. সামিউ ইমাম স্পর্শ ও সানিয়া সাঈদের নাম আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন মালয়েশিয়ার সেগি ইউনিভার্সিটির উপাচার্য ও অনুষ্ঠানের প্রধান অতিথি অধ্যাপক ড. শ্রী কুমার চক্রবর্তী।

জানা যায়, ১০ থেকে ২৩ সেপ্টেম্বর মালয়েশিয়ায় পেটালিং জায়ায় আন্তর্জাতিক রোবোটিকস প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে বাংলাদেশের ২৩ টি দল অংশগ্রহণ করে। এদের মধ্যে ৩টি দল গোল্ড মেডেল লাভ করে ও তারা দুইজন আইটি এন্ড রোবটিক্স ক্যাটাগরীতে WALL-E project এর জন্য প্রথম স্থান অর্জন করেছে।

স্বর্ণপদক অর্জনকারী শিক্ষার্থী সামিউ ইমাম স্পর্শের মা প্রভাষক বদরুন নাহার লরিন বলেন, আমার ছেলেসহ আমাদের ৩-এর পাতায় দেখুন












মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
শুক্রবার ২৫ সেপ্টেম্বর ২০২৬, ১০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ১২ রবিঃ সানি ১৪৪৮ হিজরী

English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

# চীনের শিল্প-শিক্ষা অভিজ্ঞতায় চাঁদপুর পলিটেকনিকের উন্নয়ন হচ্ছে : শিক্ষামন্ত্রী

দিগন্ত ডেস্ক

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, ইন্ডাস্ট্রি -একাডেমিয়া লিংকেজের জন্য চীনের অভিজ্ঞতা অনুসরণীয়। সে অভিজ্ঞতায় ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট একটি মডেল হিসেবে দাড় করানো হচ্ছে। সেভাবে চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউটের উন্নয়নেও কাজ চলছে বলে জানান শিক্ষামন্ত্রী।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) রাজধানীর ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'ঢাকা চায়না ডে ২০২৬' উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। পরে শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

শিক্ষামন্ত্রী আরও বলেন, সরকার সৌরবিদ্যুৎ ও নবায়নযোগ্য জ্বালানির ওপর গুরুত্বারোপ করেছে। ইলেকট্রিক ভেহিকল (ইভি), সবুজ প্রযুক্তি এবং আধুনিক পরিবহন ব্যবস্থার উন্নয়নে কাজ করছে। রোবটিক্স ও ব্লু ইকোনমির মতো সম্ভাবনাময় খাতেও চীনের অভিজ্ঞতা বাংলাদেশকে কাজে লাগাতে পারে।

শিক্ষামন্ত্রী বলেন, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা (টিভেট), কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), শিল্প-শিক্ষা সংযোগ এবং ব্লু ইকোনমি (সুনীল অর্থনীতি)-সহ বিভিন্ন ক্ষেত্রে দেশের উন্নয়নে 'চীনা মডেল' অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই দেশের উন্নয়নে চীনের উন্নয়ন অভিজ্ঞতা কাজে লাগাতে হবে।

শিক্ষামন্ত্রী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, 'জাতি শিক্ষার্থীদের দিকে তাকিয়ে আছে, তারাই আমাদের ভবিষ্যৎ। তাই 'আগামীর বাংলাদেশ' গড়তে তাদেরকে যোগ্য ও দক্ষ করে গড়ে তুলতে কাজ করছি।




*হাজীগঞ্জে কাঁকৈরতলা জনতা কলেজে নবীন-বরন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন অতিথিবৃন্দ।*

# কাঁকৈরতলা জনতা কলেজে নবীনবরণ ও নতুন ক্লাসের উদ্বোধন

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জ উপজেলার কাঁকৈরতলা জনতা কলেজে নবীনবরণ ও নতুন ক্লাসের উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার কলেজের হলরুমে আয়োজিত অনুষ্ঠানে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের ● ২-এর পাতায় দেখুন

## জিলানী চিশতী কলেজের একাদশ শ্রেনির শিক্ষার্থীদের নবীন-বরণ

# শিক্ষার্থীদের মানবিক মানুষ হতে হবে

----চাঁদপুর প্রেস ক্লাব সভাপতি সোহেল রুশদী

সদর প্রতিবেদক

চাঁদপুর সদর উপজেলার ৪নং শাহমাহমুদপুর ইউনিয়নের ঐতিহ্যবাহী শাহতলী জিলানী চিশতী কলেজের একাদশ শ্রেনির শিক্ষার্থীদের নবীনবরণ




*শাহতলী জিলানী চিশতী কলেজের একাদশ শ্রেনির শিক্ষার্থীদের নবীন-বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কলেজ গভর্নিং বডির সভাপতি ও চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী।*

অনুষ্ঠিত হয়েছে। ২৪ সেপ্টেম্বর (বৃহস্পতিবার) সকাল ১০টায় জিলানী চিশতী কলেজ মিলনায়তনে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো: কামরুল হাসানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন কলেজ গভর্নিং বডির সভাপতি ও চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি ● ২-এর পাতায় দেখুন



*পালাখাল রোস্তম আলী ডিগ্রি কলেজে একাদশের ওরিয়েন্টেশনে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য নাজমুন নাহার বেবী।*

# কচুয়ার পালাখাল রোস্তম আলী ডিগ্রি কলেজে একাদশের ওরিয়েন্টেশন

কচুয়া প্রতিনিধি

কচুয়া উপজেলার পালাখাল রোস্তম আলী ডিগ্রি কলেজে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ওরিয়েন্টেশন ক্লাস উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) কলেজ প্রাঙ্গণে উৎসবমুখর পরিবেশে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন বাংলাদেশ জাতীয়তাবাদী দলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও কেন্দ্রীয় মহিলা দলের সহ-সভাপতি নাজমুন নাহার বেবী।

বক্তব্যে নাজমুন নাহার বেবী বলেন, ভালো শিক্ষা অর্জনের মাধ্যমে জীবনে ভালো কিছু করা সম্ভব। উচ্চশিক্ষা অর্জনের পাশাপাশি নিয়মিত পড়াশোনা ও কঠোর পরিশ্রমের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের ভবিষ্যৎ গড়ে তুলতে পারে। তিনি নতুন শিক্ষার্থীদের নিয়মিত শ্রেণিকক্ষে উপস্থিত থেকে মনোযোগ দিয়ে পড়াশোনা করার আহ্বান জানান। তিনি ● ২-এর পাতায় দেখুন

# হাইমচরে ইয়াবাসহ গ্রেফতার ২

হাইমচর প্রতিনিধি

হাইমচরে ৪ পিচ ইয়াবা ট্যাবলেটসহ মো. মাসুদ গাজী (৩২) ও আ. আজিজ (২৯) নামের দুই ব্যক্তিকে গ্রেফতার করেছে হাইমচর থানা পুলিশ। বুধবার (২৩ সেপ্টেম্বর) রাতে হাইমচর থানাধীন আলগী বাজার এলাকার পাকা রাস্তা থেকে তাদের গ্রেফতার করা হয়।



পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে এসআই (নিঃ) ফারুক উল ইসলামের নেতৃত্বে পরিচালিত অভিযানে আলগী বাজার ফারুক বরকন্দাজ এর দোকানের সামনে থেকে তাদের আটক করা হয়। এ সময় তল্লাশি চালিয়ে মাসুদ গাজীর কাছ থেকে ২ পিস এবং আ. আজিজের কাছ থেকে ২ পিস–মোট ৪ পিস গোলাপী রঙের ইয়াবা উদ্ধার করা হয়, যার আনুমানিক বাজারমূল্য ১ হাজার ২০০ টাকা। এ ● ২-এর পাতায় দেখুন



*বাবুরহাটস্থ ড্যাফোডিল পলিটেকনিক ইনস্টিটিউটের আয়োজনে ৩ দিনব্যাপি কারিগরি শিক্ষা মেলা পরিদর্শন করছেন অতিথিবৃন্দ।*

# চাঁদপুরে শুরু হলো তিন দিনব্যাপি কারিগরি শিক্ষা মেলা

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুর বাবুরহাটস্থ ড্যাফোডিল পলিটেকনিক ইনস্টিটিউটের আয়োজনে ২২-২৪ সেপ্টেম্বর ৩ দিনব্যাপি' কারিগরি শিক্ষা মেলা২০২৬' অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ও উদ্বোধক ছিলেন মো. আকতার হোসেন, প্রিন্সিপাল, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি ও বিশেষ অতিথি ছিলেন মো. জাফর ইকবাল খাঁন, ডেপুটি ডিরেক্টর, ড্যাফোডিল গ্রুপ, চাঁদপুর।

বক্তাগণ বলেন,'কারিগরি শিক্ষার গুরুত্ব,সম্ভাবনা ও কর্মমুখী দক্ষতা সম্পর্কে শিক্ষার্থী, অভিভাবক ও সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ড্যাফোডিল পলিটেকনিক ইনস্টিটিউট, চাঁদপুর ২২ সেপ্টেম্বর থেকে তিন দিনব্যাপি 'কারিগরি শিক্ষা মেলা২০২৬' আয়োজন করেছে।

তিন দিনব্যাপি এ মেলায় কারিগরি শিক্ষার বিভিন্ন দিক, আধুনিক প্রযুক্তি, শিক্ষার্থীদের উদ্ভাবনী প্রকল্প, মডেল ও ব্যবহারিক দক্ষতা প্রদর্শনের পাশাপাশি কারিগরি শিক্ষায় উচ্চশিক্ষা, দক্ষতা উন্নয়ন ● ২-এর পাতায় দেখুন

## ফরিদগঞ্জ প্রেসক্লাবে বিদায়ী সংবর্ধনা

# ফরিদগঞ্জের মানুষের সঙ্গে আত্মার বন্ধন তৈরি হয়েছে

------ইউএনও সেটু কুমার বড়ুয়া




*ফরিদগঞ্জ প্রেসক্লাবের উদ্যোগে বিদায়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা সেটু কুমার বড়ুয়াকে সম্মাননা স্মারক তুলে দিচ্ছেন সাংবাদিক নেতৃবৃন্দ।*

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সেটু কুমার বড়ুয়াকে এক ভাবগাম্ভীর্যপূর্ণ পরিবেশে বিদায় সংবর্ধনা প্রদান করা হয়েছে। সংবর্ধনা অনুষ্ঠানে বক্তারা তাঁকে একজন সততা নির্ভর, দূরদর্শী ও অত্যন্ত জনবান্ধব কর্মকর্তা হিসেবে অভিহিত করে তাঁর কর্মদক্ষতার ভূয়সী প্রশংসা করেন।

উপজেলায় দায়িত্ব পালনকালে তাঁর বস্তুনিষ্ঠ ও প্রশংসনীয় ভূমিকার প্রতি সম্মান জানিয়ে ফরিদগঞ্জ প্রেসক্লাবের উদ্যোগে বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) শেষ বিকেলে প্রেসক্লাব মিলনায়তনে এ সংবর্ধনা সভার আয়োজন করা হয়।

ফরিদগঞ্জ প্রেসক্লাবের সভাপতি আবু হেনা মোস্তফা কামালের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বিদায়ী ইউএনও সেটু কুমার বড়ুয়ার হাতে সম্মাননা স্মারক তুলে দেন সাংবাদিক নেতৃবৃন্দ ও সুধীজন। সংবর্ধনা ● ২-এর পাতায় দেখুন

# ইকরা মডেল একাডেমিতে ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা অভিযান

শহর প্রতিনিধি

ডেঙ্গুর প্রাদুর্ভাব রোধে সচেতনতা সৃষ্টি এবং শিক্ষাপ্রতিষ্ঠানের পরিবেশ পরিচ্ছন্ন রাখতে চাঁদপুর শহরের অনন্য বিদ্যাপীঠ ইকরা মডেল একাডেমিতে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। ২৪ সেপ্টেম্বর (বৃহস্পতিবার) সকালে এই পরিচ্ছন্নতা অভিযানে একাডেমির শিক্ষক ও শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে অংশ নেন।

এ সময় শিক্ষার্থীরা বিদ্যালয় প্রাঙ্গণ ও আশপাশের বিভিন্ন স্থানে জমে থাকা ময়লা-আবর্জনা পরিষ্কার করে এবং ডেঙ্গুর জীবাণুবাহী এডিস ● ২-এর পাতায় দেখুন




*ফরিদগঞ্জ সরকারি ডিগ্রি কলেজে নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কলেজের অধ্যক্ষ প্রফেসর শাহ মোহাম্মদ মাসুম বিল্লাহ।*

# ফরিদগঞ্জ সরকারি ডিগ্রি কলেজে নবীন বরণ

ইয়াছিন পালোয়ান

ফরিদগঞ্জ সরকারি ডিগ্রি কলেজে ২০২৬ সালে একাদশ শ্রেণিতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। ২৪ সেপ্টেম্বর (বৃহস্পতিবার) সকাল ১০টায় কলেজ প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। পবিত্র কুরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের ● ২-এর পাতায় দেখুন

# আল-আমিন একাডেমী স্কুল এন্ড কলেজের একাদশ শ্রেণির ওরিয়েন্টেশন

কে এম সালাহউদ্দিন

চাঁদপুরের আল-আমিন একাডেমী স্কুল অ্যান্ড কলেজে একাদশ শ্রেণির নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৪সেপ্টেম্বর) সকাল ১১টায় প্রতিষ্ঠানের প্রধান ক্যাম্পাস ও ছাত্রী ক্যাম্পাসে পৃথকভাবে এ আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চাঁদপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এসএমএন জামিউল হিকমা। তিনি নবীন শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, "সময় এবং নদীর স্রোত কারও জন্য অপেক্ষা করে না। দুটির সঙ্গেই আমাদের মানিয়ে নিতে হয়। তা না হলে পিছিয়ে পড়তে হবে।"

অভিভাবকদের উদ্দেশে ইউএনও বলেন, সন্তানদের পড়াশোনার প্রতি নিয়মিত নজর রাখতে হবে। তাদের ● ২-এর পাতায় দেখুন

# চাঁদপুর আক্কাছ আলী স্কুলের শিক্ষিকা ফেরদৌসী সুলতানা শম্পার দাফন সম্পন্ন

শহর প্রতিনিধি

চাঁদপুর পৌরসভার সাবেক চেয়ারম্যান শামসুদ্দিন আহমেদের মেয়ে ও রেলওয়ে আক্কাস আলী একাডেমীর সিনিয়র শিক্ষক ফেরদৌসী সুলতানা শম্পার দাফন সম্পন্ন হয়েছে। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) সকাল ৭টায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্নালিল্লাহি....রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫০ বছর।

মরহুমার জানাজা বৃহস্পতিবার বাদ আছর চাঁদপুর বাসস্ট্যান্ডের গৌর-এ-গরীবা জামে মসজিদ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। জানাজায় ইমামতি ● ২-এর পাতায় দেখুন




*চাঁদপুরের আল-আমিন একাডেমী স্কুল অ্যান্ড কলেজে একাদশ শ্রেণির নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে বক্তব্য রাখেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএমএন জামিউল হিকমা।*

# নিশ্চিন্তপুর ডিগ্রি কলেজে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন

গোলাম নবী খোকন

মতলব উত্তর উপজেলার একমাত্র এমপিওভুক্ত উচ্চশিক্ষা প্রতিষ্ঠান নিশ্চিন্তপুর ডিগ্রি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি হওয়া নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) কলেজ প্রাঙ্গণে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ কামাল হোসেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলা বিভাগের প্রভাষক রমজান আলী। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কলেজের জমিদাতা সদস্য শাহাদাত করিম চৌধুরী সংগ্রাম।

নবীন শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, "নবীনরাই একদিন কলেজ ও




*নিশ্চিন্তপুর ডিগ্রি কলেজে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কলেজের দাতা সদস্য শাহাদাত করিম চৌধুরী।*

সমাজকে আলোকিত করবে। তবে এ জন্য নিয়মিত বই পড়তে হবে এবং শিক্ষকদের কথা মনোযোগ দিয়ে শুনতে হবে।"

'পড়া' ও 'শোনা'র তাৎপর্য ব্যাখ্যা করে তিনি বলেন, "পড়া মানে বই পড়া, আর শোনা মানে শিক্ষকদের কথা শোনা। এই দুটির সমন্বয়েই একজন শিক্ষার্থী জ্ঞানী ও আলোকিত মানুষ হিসেবে গড়ে উঠতে পারে।"

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন- কলেজের প্রতিষ্ঠাতা সদস্য মারুফ হোসেন খান বিজয়, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক ও শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক আলআমীন পারভেজ, আইসিটি বিভাগের প্রভাষক সমীর চন্দ্র ঘোষ, অভিভাবক ● ২-এর পাতায় দেখুন

# ফতেপুরে এম ইলিয়াছ আলীর খাবার বিতরণ

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার ১১নং ফতেপুর পশ্চিম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী ও ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক এম ইলিয়াছ আলীর ব্যক্তিগত উদ্যোগে ফৈলাকান্দি হাফিজিয়া ক্যাডেট মাদ্রাসা ও এতিমখানার ছাত্রদের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।

২৪ সেপ্টেম্বর বৃহস্পতিবার দুপুরে এম ইলিয়াছ আলীর পিতা মাতা ও সকল কবরবাসীর আত্মার মাগফিরাত কামনায় মিলাদ ও দোয়া অনুষ্ঠিত হয়। পরে উপস্থিত মাদ্রাসা ছাত্র, শিক্ষক, গণমান্য ব্যক্তিবর্গ এবং রাজনৈতিক নেতৃবৃন্দকে দুপুরের খাবারে যোগদান করেন চেয়ারম্যান প্রার্থী এম ইলিয়াছ আলী।

দোয়া ও মিলাদ শেষে সংক্ষিপ্ত বক্তব্যে এম ইলিয়াছ আলী বলেন, আমি আজকে এই মাদ্রাসায় এসেছি শুধু দোয়া চাইতে। আপনারা আমার জন্য, আমার পিতা মাতা ও সকল কবরবাসীর জন্য দোয়া করবেন। আমিও আপনাদের জন্য দোয়া করি এবং সুখে দুঃখে আপনাদের পাশে থাকতে চাই। সেই সুযোগটি ● ২-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
BMDC Reg No : A-71474
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
ডাঃ মোঃ মিজানুর রহমান
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
BMDC Reg No : A-73684
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস
ডা. আয়েশা আফরোজ (লুনা)
ডা. ওমর ফারুক (সবুজ)
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
ডা. মোঃ নাজমুল হাসান
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
ডা. নুর হোসাইন বান্না
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
সার্জারী বিশেষজ্ঞ
এনআইসিইউ পিআইসিইউ সেন্ট্রাল অক্সিজেন

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক ঃ আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ এম এ গফুর, মফস্বল সম্পাদক ঃ জি এম ফজলুর রহমান, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
শুক্রবার ॥ ২৫ সেপ্টেম্বর ২০২৬

সম্পাদকীয়

# তেলের মূল্যবৃদ্ধির প্রতিক্রিয়া পরিবহনে ভাড়ানৈরাজ্য থামাতেই হবে

২০ সেপ্টেম্বর মধ্যরাতে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির পর বাস, ট্রাক, লঞ্চসহ গণপরিবহন ও পণ্য পরিবহনে ভাড়া নিয়ে যে নৈরাজ্য তৈরি হয়েছে, সেটাকে নাগরিকদের 'কাটা ঘায়ে নুনের ছিটা'ই বলা চলে। সরকার বাসভাড়া কিলোমিটারে ১৭ পয়সা বাড়ালেও অনেক রুটে বাসমালিকেরা সেটা মানছেন না। লঞ্চের ভাড়া প্রতি কিলোমিটারে ২৩ পয়সা বাড়ানো হয়েছে। যদিও সরকারি ঘোষণার আগেই বিভিন্ন রুটে লঞ্চের ভাড়া ১৭ থেকে ২৩ শতাংশ বাড়িয়ে দেন মালিকেরা। ট্রাক ও কাভার্ড ভ্যানের মালিকেরা ভাড়া বাড়িয়েছেন ইচ্ছেমতো। পরিবহন খাতে ভাড়ার এই নৈরাজ্য নাগরিকদের বাড়তি চাপ ও অসন্তোষের কারণ হয়ে উঠেছে। তেলের মূল্যবৃদ্ধির যে প্রতিক্রিয়া, তা সামাল দেওয়ার ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকারের প্রস্তুতির ঘাটতি রয়েছে। মধ্যপ্রাচ্য যুদ্ধ পরিস্থিতির কারণে বৈশ্বিক তেলের বাজার অনেক চড়া। এ ছাড়া পরিবহন ও বিমা খরচও বেড়েছে। এ বাস্তবতায় সরকার এপ্রিল মাসে প্রথম দফা ও ২০ সেপ্টেম্বর দ্বিতীয় দফায় সব ধরনের জ্বালানি তেলের দাম লিটারে ২০ টাকা বাড়ায়। শুল্ক ও করের চাপ কমিয়ে তেলের দাম সমন্বয়ের সুযোগ থাকার পরও লিটারে একলাফে ২০ টাকা বাড়ানোর যৌক্তিকতা নিয়ে প্রশ্ন উঠেছে। কেননা, দেশে যখন টানা চার বছরের বেশি সময় ধরে উচ্চ মূল্যস্ফীতি চলছে, এর ফলে দারিদ্র্য থেকে মধ্যবিত্ত–সব শ্রেণির নাগরিকদের জীবনে নাভিশ্বাস উঠেছে।

## ফরিদগঞ্জের মানুষের সঙ্গে

সভায় আবেগঘন বক্তব্যে বিদায়ী ইউএনও সেটু কুমার বড়ুয়া বলেন, ফরিদগঞ্জে দায়িত্ব পালনকালে সাধারণ মানুষের একদম কাছে থেকে কাজ করার অনন্য সুযোগ পেয়েছি। স্বল্প সময়ে এখানকার মানুষের সঙ্গে আমার একটি আত্মিক বন্ধন তৈরি হয়েছে। বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন ও প্রশাসনিক কাজে স্থানীয় কর্মরত সাংবাদিক ভাইদের আন্তরিক সহযোগিতা সত্যিই প্রশংসনীয়। প্রশাসন, সাংবাদিক ও জনগণের এই অকৃত্রিম সহযোগিতা আমার স্মৃতিতে চিরস্মরণীয় হয়ে থাকবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আসাদুজ্জামান জুয়েল, উপজেলা প্রকৌশলী সৈয়দ মেহেদী হাসান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মুহাম্মদ মাহমুদুল হাসান, ফরিদগঞ্জ প্রেসক্লাবের সাবেক সভাপতি মামুনুর রশিদ পাঠান, নুরুন্নবী নোমান, সাবেক সাধারণ সম্পাদক আব্দুস ছোবহান লিটন, প্রবীর চক্রবর্তী, সহ-সভাপতি সহকারী অধ্যাপক মো. মহিউদ্দিন, মশিউর রহমান।

বিদায়ী ইউএনওর ভূমিকা তুলে ধরে সাংবাদিকরা বলেন, স্বল্প মেয়াদের কর্মকালেই তিনি প্রশাসনিক কঠোরতা বজায় রাখার পাশাপাশি সাধারণ ও অসহায় মানুষের আস্থার ঠিকানা হয়ে উঠেছিলেন। গরিব ও মেধাবী শিক্ষার্থীদের পড়ালেখা চালিয়ে নিতে আর্থিক সহায়তা প্রদানসহ যেকোনো মানবিক প্রয়োজনে তিনি ছিলেন সর্বাগ্রে। নিজের নিরলস কর্মগুণেই তিনি সাধারণ মানুষের হৃদয় জয় করতে সক্ষম হয়েছেন।

উল্লেখ্য, ২০২৫ সালের ১৩ অক্টোবর ফরিদগঞ্জ উপজেলার নির্বাহী কর্মকর্তা হিসেবে যোগ দেন সেটু কুমার বড়ুয়া। দীর্ঘ ১১ মাস ১৪ দিন সততা ও নিষ্ঠার সঙ্গে অর্পিত দায়িত্ব পালন শেষে তিনি সম্প্রতি কুমিল্লা সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা হিসেবে বদলি হয়েছেন।

এদিকে প্রশাসনিক সূত্র নিশ্চিত করেছে, বাগমারা উপজেলার তাহেরপুর থেকে বদলি হয়ে আসা নতুন ইউএনও মেহেদী হাসান মানিক আগামী রোববার (২৭ সেপ্টেম্বর) আনুষ্ঠানিকভাবে ফরিদগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্বভার গ্রহণ করবেন।

## আল-আমিন একাডেমী স্কুল এন্ড

সঙ্গে সময় দিতে হবে এবং তারা কী করছে, তা খেয়াল করতে হবে। পাশাপাশি সময় সময়ে শিক্ষকদের সঙ্গে যোগাযোগ ও শিক্ষাপ্রতিষ্ঠানে এসে সন্তানের অগ্রগতি সম্পর্কে খোঁজ নেওয়ার আহ্বান জানান তিনি।

নবীন শিক্ষার্থীদের উদ্দেশে জামিউল হিকমা বলেন, "আগামী ১৮ মাস বা প্রায় ৫৫০ দিন তোমাদের জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়। প্রতিদিন বাসায় চার থেকে পাঁচ ঘণ্টা মনোযোগ দিয়ে পড়াশোনা করলে আলাদাভাবে অতিরিক্ত কিছু করার প্রয়োজন নেই। এই সময়ে নিয়মিত ও পরিকল্পিত পড়াশোনা করতে পারলে বাংলাদেশের যেকোনো জায়গায় প্রতিযোগিতায় টিকে থাকা সম্ভব।"

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আল-আমিন একাডেমী স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. সাইফুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন কলেজ শাখার প্রভাষক জয়নাল আবেদীন। এ সময় বক্তব্য দেন কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক রুহুল আমিন, একাডেমীর সহকারী প্রধান শিক্ষক ফারুকুল ইসলাম, আল-আমিন সোসাইটির সদস্য অ্যাডভোকেট শাহজাহান খান ও আব্দুস শুক্কুর মাস্তান। শিক্ষকদের মধ্যে বক্তব্য দেন বিজ্ঞান বিভাগের শিক্ষক মো. মাহবুবুর রহমান, মানবিক বিভাগের মো. মোস্তফা এবং হিসাববিজ্ঞান বিভাগের মোহাম্মদ আলী। অভিভাবকদের মধ্যে বক্তব্য দেন মো. জাহিদুল হক ও আব্দুল বাতেন।

অনুষ্ঠানে নবাগত শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে বক্তব্য দেন দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা। পাশাপাশি নবীন শিক্ষার্থীদের মধ্য থেকেও বক্তব্য দেওয়া হয় এবং মানপত্র পাঠ করা হয়।অনুষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

**হারিয়েছে**

আমি মোহাম্মদ বশির উল্লাহ মজুমদার, পিতা- মোহাম্মদ ছানা উল্লাহ মজুমদার, মাতা- করুনা বেগম, গ্রাম শিলাস্থান, কচুয়া, চাঁদপুর। আমার দাখিল ও আলিম পরীক্ষার নম্বর ফর্দ/ মার্কশীট হারিয়েছে; দাখিল: রোল নং- ৮৫৮৫৪, রেজিষ্ট্রেশন নং- ৪৯৪৬৯, শিক্ষা বর্ষ- ১৯৯৪-৯৫, পাশের সন- ১৯৯৬, কেন্দ্র: ধামতি আলিয়া মাদ্রাসা, দেবিদ্বার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। আলিম: রোল নং- ৪৫৩৯৬, রেজিষ্ট্রেশন নং- ৪৩৪৮, শিক্ষা বর্ষ- ১৯৯৬-৯৭, পাশের সন-১৯৯৮, কেন্দ্র : মুরাদনগর, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। এ ব্যাপারে কচুয়া থানায় সাধারণ ডায়েরী নং- ৩৮৭, তারিখ: ২৩.০৯.২০২৬খ্রিঃ।

-মোহাম্মদ বশির উল্লাহ মজুমদার

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড় ভর্তি চলছে!
- কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
- কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
- কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
- ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
- ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ পৌর সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর,
01712-856510, https://chandpurict.blogspot.com



চলতি মাসের উমরাহ বুকিং চলছে
প্রতি মাসেই উমরাহ বুকিং হবে ইনশা আল্লাহ
প্যাকেজের অন্তর্ভুক্ত: খাবার, ভিসা, হোটেল, টিকেট, ট্রান্সপোর্ট, যিয়ারাহ, ইন্স্যুরেন্স
সফর হউক আনন্দময়, ইবাদাত হউক তাকওয়াময়
হজ্ব ও উমরাহ করার জন্য আগ্রহীগন যোগাযোগ করুন।

| | | |
|---|---|---|
| Standard প্যাকেজ | ডাইরেক্ট ফ্লাইট | ১,৭৫,০০০ |
| Economy প্যাকেজ | ডাইরেক্ট ফ্লাইট | ১,৫৫,০০০ |
| Economy প্যাকেজ | ট্রানজিট ফ্লাইট | ১,৪৫,০০০ |

বিগত ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন মুয়াল্লিম দ্বারা সহীহ শুদ্ধভাবে হজ্ব ও উমরাহ পালনের বিশ্বস্ত প্রতিষ্ঠান
চেয়ারম্যান হজ্জ কাফেলা হাজীগঞ্জ, চাঁদপুর।
পরিচালনায়: মাওলানা আবু জাফর সিদ্দিকী
হাজীগঞ্জ টাওয়ার তৃতীয় তলা-দক্ষিণ পূর্ব কর্ণারে, হাজীগঞ্জ, চাঁদপুর।
01613-119652
01871-634121
01629-804375

## চাঁদপুর আক্কাছ আলী স্কুলের শিক্ষিকা

করেন মসজিদের খতিব হাফেজ মাও. খোরশেদ ইসলাম। পরে তাঁকে পারিবারিক পৌর কবরস্থানে দাফন করা হয়।

জানাজার আগে চাঁদপুর জেলা বিএনপির প্রচার সম্পাদক শরীফ উদ্দিন পলাশের পরিচালনায় সংক্ষিপ্ত বক্তব্য রাখেন- চাঁদপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম এন জামিউল হিকমা, চাঁদপুর পৌর বিএনপির সভাপতি মো. আক্তার হোসেন মাঝি, রেলওয়ে আক্কাস আলী একাডেমীর প্রধান শিক্ষক মো. গোফরান হোসেন এবং মরহুমার মামা বিশিষ্ট সাংবাদিক কাজী রাশেদুল হক পাশা।

## নিশ্চিন্তপুর ডিগ্রি কলেজে

সদস্য মো. খবির হোসেন, প্রতিষ্ঠাতা সদস্য মারুফ হোসেন খানের পুত্র মাহির আশ্রাফ খান মিয়া, অভিভাবক রহমত উল্লাহ এবং কলেজের সাবেক শিক্ষার্থী ও গোল্ডেন সান স্কুলের বাংলা বিষয়ের শিক্ষিকা ইভা আক্তার।

এ ছাড়া বক্তব্য রাখেন একাদশ শ্রেণির শিক্ষার্থী তানজিলা এবং দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী ইসরাত জাহান সুবহা (বিজ্ঞান) ও সিমা (মানবিক)।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন ইসলামের ইতিহাস বিভাগের প্রভাষক রাকিবুল হাসান। পরে পবিত্র গীতা পাঠ করেন কৃষি বিভাগের প্রভাষক রুপচাঁদ সরকার।

নবীন শিক্ষার্থীদের বরণ করে নিতে অনুষ্ঠানে ছিল মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা। দেশাত্মবোধক গান পরিবেশন করেন দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী রিতু রানী। পরে দলীয়ভাবে গান পরিবেশন করেন মুন্না, মেহেদি, হাসান ও আরাফাত। তাঁদের পরিবেশনায় অনুষ্ঠানস্থলে সৃষ্টি হয় উৎসবমুখর পরিবেশ।

অনুষ্ঠানে নিশ্চিন্তপুর ডিগ্রি কলেজের প্রতিষ্ঠাতা, বিশিষ্ট রাজনীতিবিদ ও সমাজসেবক মরহুম মনির হোসেন খানের অবদানের কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। তাঁর আত্মার মাগফেরাত কামনা করেন উপস্থিত শিক্ষক, অভিভাবক ও অতিথিরা।

নবীন শিক্ষার্থীদের প্রাণবন্ত অংশগ্রহণ, শিক্ষক-অভিভাবকদের উপস্থিতি এবং সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে ওরিয়েন্টেশন অনুষ্ঠানটি উৎসবমুখর পরিবেশে শেষ হয়।

## ফরিদগঞ্জ সরকারি ডিগ্রি

সূচনা হয়। কলেজের শিক্ষক-শিক্ষিকাদের পরিচিতি পর্বের পর অনুষ্ঠানে একাদশ শ্রেণির সকল নবীন শিক্ষার্থীদেরকে ফুল দিয়ে বরণ করে নেন কলেজের শিক্ষক-শিক্ষিকাগণ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফরিদগঞ্জ সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ প্রফেসর শাহ মোহাম্মদ মাসুম বিল্লাহ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কলেজের উপাধ্যক্ষ নেপাল চন্দ্র দেবনাথ।

কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক ও অর্থনীতি বিভাগের প্রভাষক মোঃ নাসির উদ্দিন এর সভাপতিত্বে এবং আইসিটি বিভাগের প্রভাষক মোঃ মোবারক করিম খান ও গণিত বিভাগের প্রভাষক বেলায়েত হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কলেজের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রভাষক কে এম মেজবাহ উদ্দিন, ইসলাম শিক্ষা বিভাগের প্রভাষক শরীফ মো. আব্দুল কুদ্দুস, রসায়ন বিজ্ঞান বিভাগের প্রভাষক নির্জুম শাহা, হিসাববিজ্ঞান বিভাগের প্রভাষক শারমিন আক্তার, মো. আব্দুল হান্নান শেখ, ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক ফাহিমা সুলতানা এবং ইংরেজি বিভাগের প্রভাষক মো. আকরাম হোসেন।

?অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের ভূগোল বিভাগের প্রভাষক শাহিনা আক্তার, রাশেদ আহমেদ মুরাদ, সমাজকর্ম বিভাগের প্রভাষক সামিয়া আফরোজ, রোমানা সুলতানা, মোঃ আনিছুর রহমান মজুমদার ও কৃষি শিক্ষা বিভাগের প্রভাষক মোঃ মোবারক হোসাইন মোল্লা সহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## ইকরা মডেল একাডেমিতে ডেঙ্গু

মশার সম্ভাব্য প্রজননস্থল ধ্বংসে কাজ করে। ইকরা মডেল একাডেমির প্রধান শিক্ষক ফৌজিয়া আক্তারের তত্ত্বাবধানে এবং বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকদের সহযোগিতায় অষ্টম শ্রেণির শিক্ষার্থীরা এ পরিচ্ছন্নতা অভিযানে অংশ নেয়।

## শিক্ষার্থীদের মানবিক

সোহেল রুশদী বলেন, একাদশ শ্রেনির নবীন শিক্ষার্থীদের কলেজের পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। কলেজ জীবনের প্রথম দিন সবসময় আকর্ষণীয় তাৎপর্যপূর্ণ। চাঁদপুর সদরের প্রথম বেসরকারি কলেজ জিলানী চিশতী কলেজ। নারী শিক্ষার জন্য নিরাপদ প্রতিষ্ঠান জিলানী চিশতী কলেজ। মনোরম ও সুন্দর পরিবেশে প্রতিষ্ঠানটি অবস্থিত।১৯৭০সালে বিশিষ্ট শিক্ষাবিদ আমার দাদা মরহুম এটি আহমেদ হোসাইন রুশদী সাহেব এ প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠা করেন। তিনি গ্রামে শিক্ষা প্রসারে এ গ্রামে এ প্রতিষ্ঠানটি গড়ে তোলেন। এ গ্রামকে শিক্ষার আলোয় আলোকিত করেন। এ প্রতিষ্ঠান থেকে অনেক জ্ঞানী-গুনী পাস করে গেছেন। এ কলেজের শিক্ষার্থীরা বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়েও অধ্যায়ন করছে। এ কলেজের অনেক শিক্ষার্থী দেশের উচ্চ পদে দায়িত্ব পালন করছে।

কলেজের সহকারি অধ্যাপক মো: জহিরুল ইসলাম খান মুরাদের পরিচালনায় বক্তব্য রাখেন, শাহতলী কামিল মাদরাসার অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ বিলাল হোসাইন, জিলানী চিশতী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: মোহসিন উদ্দিন, উত্তর শাহতলী জোবাইদা বালিকা উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোহাম্মদ নুরুজ্জামান, ২৯নং উত্তর শাহতলী যোবাইদা বালক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো: দিদার হোসেন মিজি, ৪নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক মো: আব্দুল আজিজ মিজি, চাঁদপুর সদর থানা ছাত্রদলের প্রচার সম্পাদক মো: শান্ত গাজী।

## ফতেপুরে এম ইলিয়াছ আলীর

আপনারা আমাকে করে দিবেন আশা করি।

এসময় উপস্থিত ছিলেন, ফৈলাকান্দি হাফিজিয়া ক্যাডেট মাদ্রাসা ও এতিমখানার সুপার হাফেজ মাওলানা আসাদুল্লাহ, পরিচালনা কমিটির সেক্রেটারী সাইফুল ইসলাম খান মানিক, সহ সেক্রেটারী আঃ মান্নান খান, কোষাধ্যক্ষ আঃ হান্নান খান, সহকারি কোষাধ্যক্ষ নিজাম উদ্দিন খান, প্রচার সম্পাদক বিল্লাল চৌধুরী সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ ও রাজনৈতিক নেতৃবৃন্দ।

**হাইমচরে ইয়াবাসহ গ্রেফতার**

ঘটনায় হাইমচর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা রুজু করা হয়েছে এবং বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) আসামিদের যথাযথ পুলিশ প্রহরায় আদালতে পাঠানো হয়েছে।

## চাঁদপুরে শুরু হলো তিন

ও কর্মসংস্থানের সম্ভাবনা তুলে ধরা হচ্ছে।

ড্যাফোডিল পলিটেকনিক ইনস্টিটিউট, চাঁদপুর কর্তৃপক্ষ আশা প্রকাশ করে জানান- 'কারিগরি শিক্ষা মেলা২০২৬' শিক্ষার্থীদের প্রযুক্তিনির্ভর শিক্ষা, ব্যবহারিক দক্ষতা ও উদ্ভাবনী চিন্তায় উৎসাহিত করার পাশাপাশি চাঁদপুর অঞ্চলে কারিগরি শিক্ষার প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

মেলার প্রধান আকর্ষণী বিষয়গুলো হলো: শিক্ষার্থীদের উদ্ভাবনী প্রকল্প ও মডেল প্রদর্শনী, আধুনিক প্রযুক্তি ও কারিগরি শিক্ষার বিভিন্ন দিক উপস্থাপন, ব্যবহারিক দক্ষতা প্রদর্শন, উচ্চশিক্ষা ও কর্মসংস্থানের সুযোগ সম্পর্কে ধারণা প্রদান, কারিগরি শিক্ষার গুরুত্ব ও সম্ভাবনা তুলে ধরা।

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী, চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত নির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিস্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

## কাঁকৈরতলা জনতা কলেজে

ফুল দিয়ে বরণ করে নেন শিক্ষকবৃন্দ।

অনুষ্ঠানে কলেজের অধ্যক্ষ মনিরুল হক পাটোয়ারীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের উপমহাপরিচালক ও কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি সুজন চন্দ্র ঘোষ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাজীগঞ্জ প্রেসক্লাবের সাবেক সভাপতি ও হাজীগঞ্জ সাংবাদিক কল্যাণ সমিতির সভাপতি খালেকুজ্জামান শামীম, বিশিষ্ট রাজনীতিবিদ আবদুল কুদ্দুস মাস্টার, আনোয়ার হোসেন, সাবেক ইউপি চেয়ারম্যান আলী আকবর শেখ, মালীগাঁও উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহাদাত হোসেন, হাজীগঞ্জ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মেহেদী হাসান পাপ্পু মাহমুদ এবং শিক্ষক নেতা হাফেজ আহমদ কানছন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন কলেজের শিক্ষক কবির হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন শিক্ষক মোজাম্মেল হক কাজল।

এ সময় বক্তারা নবীন শিক্ষার্থীদের নিয়মিত পড়াশোনা, শৃঙ্খলা মেনে চলা এবং নিজেদের ভবিষ্যৎ গড়তে শিক্ষার প্রতি মনোযোগী হওয়ার আহ্বান জানান। পরে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরন করে নেয়া হয়।॥

## কচুয়ার পালাখাল রোস্তম

আরও বলেন, ভালো ফলাফল অর্জনের মাধ্যমে ভবিষ্যতে দেশ ও সমাজের কল্যাণে ভূমিকা রাখতে হবে। কচুয়ার শিক্ষার্থীরা ভালো ফলাফল করে সুনাম অর্জন করবে বলেও প্রত্যাশা ব্যক্ত করেন তিনি।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. ফজলুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজ গভর্নিং বডির বিদ্যুৎসাহী সদস্য মো. ইউসুফ মিয়াজী, ডা. মো. আবু তাহের, উপজেলা বিএনপির সহ-সভাপতি ইউসুফ খান, যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব আলম ও ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক হুমায়ুন কবির তালুকদার লিটন।

অনুষ্ঠান পরিচালনা করেন কলেজের সহকারী অধ্যাপক আবুল খায়ের। এ সময় উপজেলা কৃষক দলের সভাপতি মিজানুর রহমান মোল্লা, ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক আওলাদ হোসেন খন্দকার, কলেজের সহকারী অধ্যাপক ইকবাল উদ্দিন মিঠু, ইউনুস মোল্লা, জসিম উদ্দিন মোল্লাসহ শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে কলেজের শিক্ষক ও নতুন শিক্ষার্থীরা প্রধান অতিথি নাজমুন নাহার বেবীকে ফুল দিয়ে বরণ করে নেন। নতুন শিক্ষার্থীদের উপস্থিতিতে কলেজ প্রাঙ্গণ প্রাণবন্ত হয়ে ওঠে। উৎসবমুখর পরিবেশে ওরিয়েন্টেশন অনুষ্ঠান শেষ হয়।

# ইসলামে সন্তানকে শাসন করার সীমা কতটুকু

দিগন্ত ডেস্ক

বর্তমান সমাজে মা-বাবাদের মধ্যে প্রধানত তিনটি ধারার অভিভাবকত্ব দেখা যায়। এক শ্রেণির মা-বাবা পরিবারকে কোনো সেনা ব্যারাকের মতো কঠোর মনে করেন। তাঁদের নির্দেশই সেখানে শেষ কথা; সন্তানের আবেগ বা মতামতের কোনো সুযোগ থাকে না। এমন পরিবেশে বেড়ে ওঠা সন্তানরা ভেতর থেকে হীনম্মন্যতায় ভোগে।

ঠিক এর বিপরীত মেরুতে আছেন আরেক দল অভিভাবক, যাঁরা সন্তানের কোনো ইচ্ছাতেই 'না' বলতে পারেন না। অতিরিক্ত প্রশ্রয় পেয়ে বেড়ে ওঠা এসব সন্তান জীবনের বাস্তব চাপ ও প্রতিকূলতা সহ্য করতে পারে না।

এই দুই প্রান্তিকতার বাইরে রয়েছেন সচেতন অভিভাবকেরা। তাঁরা ভালো করেই জানেন যে শাসন ছাড়া সন্তানের নীতিবোধ তৈরি হয় না, আবার ভালোবাসাহীন শাসন শিশুর আত্মাকে ভেঙে দেয়। তাঁরা নিয়ম তৈরি করেন স্নেহের ভাষায়, ভুলত্রুটি ক্ষমা করেন পরম মমতায়, কিন্তু নৈতিকতার প্রশ্নে থাকেন অবিচল।

সচেতন অভিভাবকেরা শাসন ছাড়া সন্তানের নীতিবোধ তৈরি হয় না, আবার ভালোবাসাহীন শাসন শিশুর আত্মাকে ভেঙে দেয়। তাঁরা নিয়ম তৈরি করেন স্নেহের ভাষায়, ভুলত্রুটি ক্ষমা করেন পরম মমতায়।

কোরআনের পারিবারিক দর্শন

ইসলাম এই ভারসাম্যপূর্ণ ধারাকেই সন্তান প্রতিপালনের মূল ভিত্তি বানিয়েছে। বাইরের মানুষকে সত্যের পথে ডাকার শিষ্টাচার জানিয়ে আল্লাহুতাআলা নির্দেশ দিয়ে বলেছেন, 'আপনি আপনার রবের পথে আহ্বান করুন প্রজ্ঞা এবং উত্তম উপদেশের মাধ্যমে; আর তাদের সঙ্গে বিতর্ক করুন সবচেয়ে সুন্দর পন্থায়।' (সুরা নাহল, আয়াত: ১২৫)

বাইরের মানুষকে বোঝানোর ক্ষেত্রে যেখানে এমন প্রজ্ঞার নির্দেশ, সেখানে নিজের সন্তানের ক্ষেত্রে তা আরও কত বেশি প্রযোজ্য!

পরিবারে কর্কশ মেজাজ সন্তানের মনকে দূরে ঠেলে দেয়। আল্লাহ তাঁর নবীকে লক্ষ্য করে বলেছেন, 'আল্লাহর দয়াতেই আপনি তাদের প্রতি কোমল হৃদয় হয়েছেন; যদি আপনি রূঢ়ভাষী ও কঠিন মনের হতেন, তবে তারা সবাই আপনার চারপাশ থেকে দূরে সরে যেত।' (সুরা আলে ইমরান, আয়াত: ১৫৯)

তবে সন্তানকে উদাসীনভাবে ছেড়ে দেওয়াও ইসলামের শিক্ষা নয়। পরিবারকে সচেতন রাখার তাগিদ দিয়ে কোরআনে বলা হয়েছে, 'ইমানদারগণ, তোমরা নিজেদের এবং তোমাদের পরিবারবর্গকে জাহান্নামের আগুন থেকে রক্ষা করো।' (সুরা তাহরিম, আয়াত: ৬)

পরিবারে সন্তানের ভুল হলে তা ক্ষমার চোখে দেখার পরামর্শ দিয়ে বলা হয়েছে, 'আর যদি তোমরা ক্ষমা করো, তাদের ভুল উপেক্ষা করো এবং দোষ মার্জনা করো–তবে নিশ্চয়ই আল্লাহ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।' (সুরা তাগাবুন, আয়াত: ১৪)

সন্তানের ভবিষ্যৎ নিয়ে সচেতন হওয়ার তাগিদ দিয়ে আল্লাহ বলেন, 'আর তাদের ভয় করা উচিত, যারা নিজেদের পেছনে অসহায় সন্তানসন্ততি রেখে গেলে তাদের ব্যাপারে শঙ্কিত হতো; অতএব তারা যেন আল্লাহকে ভয় করে এবং সঠিক ও ন্যায়সংগত কথা বলে।' (সুরা নিসা, আয়াত: ৯)

নবীজির পাঠশালায় স্নেহ ও সান্নিধ্য

রাসুল (সা.) শিশুদের প্রতি অফুরন্ত ভালোবাসার প্রকাশ ঘটাতেন। তিনি দৌহিত্র হাসানকে বুকে জড়িয়ে ধরে দোয়া করতেন, 'হে আল্লাহ, আমি একে ভালোবাসি; অতএব আপনিও একে ভালোবাসুন এবং যে একে ভালোবাসে তাকেও ভালোবাসুন।' (সহিহ মুসলিম, হাদিস: ২৪২২)

এক বেদুইন নবীজিকে শিশুদের আদর করতে দেখে অবাক হয়ে বলল, 'আপনারা কি শিশুদের চুমু দেন? আমার তো দশটি সন্তান রয়েছে, আমি কখনো কাউকে চুমু খাইনি!' রাসুল (সা.) ব্যথিত হয়ে বললেন, 'আল্লাহ যদি তোমার অন্তর থেকে দয়া ও মায়া ছিনিয়ে নিয়ে থাকেন, তবে আমার কী করার আছে!' (সহিহ বুখারি, হাদিস: ৫৯৯৮)

নম্রতার গুরুত্ব জানিয়ে তিনি বলেছেন, 'যেকোনো বিষয়ের সঙ্গে যখন কোমলতা যুক্ত হয়, তখন তা সেই বিষয়কে সুন্দর ও পূর্ণাঙ্গ করে তোলে; আর যে বিষয় থেকে কোমলতা কেড়ে নেওয়া হয়, তা কলুষিত হয়ে পড়ে।' (সহিহ মুসলিম, হাদিস: ২৫৯৪)

তিনি আরও স্পষ্ট করে বলেন, 'যে ব্যক্তি আমাদের ছোটদের স্নেহ করে না এবং বড়দের সম্মান দেখায় না, সে আমাদের দলভুক্ত নয়।' (সুনানে তিরমিজি, হাদিস: ১৯১৯)

নবীজির দীর্ঘ দশ বছরের সেবক হজরত আনাস (রা.) সাক্ষ্য দিয়ে বলেছেন, 'পরিবার ও শিশুদের প্রতি নবীজির চেয়ে অধিক দয়ালু মানুষ আমি আর কাউকে দেখিনি।' (সহিহ মুসলিম, হাদিস: ২৩১৬)

যেকোনো বিষয়ের সঙ্গে যখন কোমলতা যুক্ত হয়, তখন তা সেই বিষয়কে সুন্দর ও পূর্ণাঙ্গ করে তোলে; আর যে বিষয় থেকে কোমলতা কেড়ে নেওয়া হয়, তা কলুষিত হয়ে পড়ে।

সহিহ মুসলিম, হাদিস: ২৫৯৪

বয়স অনুযায়ী দীক্ষা

সন্তানকে কোনো ভালো কাজে অভ্যস্ত করতে হলে প্রচুর সময় ও সহনশীলতার প্রয়োজন। নামাজের মতো মৌলিক বিধানের ক্ষেত্রে রাসুল (সা.) সুন্দর এক পদ্ধতি নির্ধারণ করে বলেছেন, 'তোমরা তোমাদের সন্তানদের সাত বছর বয়সে নামাজের নির্দেশ দাও এবং দশ বছর বয়সে (প্রয়োজনে শাসনের মাধ্যমে) অভ্যস্ত করো, আর তাদের শোয়ার বিছানা পৃথক করে দাও।' (সুনানে আবু দাউদ, হাদিস: ৪৯৫)

সাত থেকে দশ বছর–এই তিন বছরের ব্যবধানে সন্তান প্রায় সাড়ে পাঁচ হাজার ওয়াক্ত নামাজের মুখোমুখি হয়। মা-বাবা যদি তিন বছর ধরে প্রতিদিন ভালোবেসে নামাজের কথা মনে করিয়ে দেন, তবে দশ বছর বয়সে এসে মারধরের কোনো প্রয়োজনই পড়ে না।

অথচ অনেকে বছরের পর বছর সন্তানকে কিছু না শিখিয়ে হঠাৎ একদিন ক্ষোভে গায়ে হাত তোলেন, যা ইসলামের শিক্ষা নয়।

শারীরিক শাসনের ইসলামি সীমা

ইসলামে সন্তানকে শারীরিক প্রহার করা চরম অবাধ্যতার ক্ষেত্রে সংশোধনের সর্বশেষ উপায়। ফিকহের নির্ভরযোগ্য গ্রন্থগুলোতে সন্তান শাসনের কিছু সুস্পষ্ট সীমারেখা নির্ধারণ করা হয়েছে:

১. দশ বছর পূর্ণ হওয়া শর্ত: দশ বছর বয়সের আগে কোনো অবস্থাতেই সন্তানের গায়ে হাত তোলা জায়েজ নয়। সাত থেকে দশ বছর কেবল মুখে বুঝিয়ে ও স্নেহের সঙ্গে অভ্যাস করানোর সময়। (রদ্দুল মুহতার আলাদ দুররিল মুখতার, ১/৩৫২)

২. উদ্দেশ্য হতে হবে সংশোধন: প্রচণ্ড ক্ষোভের মুহূর্তে সন্তানকে আঘাত করা জায়েজ নয়। কারণ রাগের বশে মানুষ নিজের ক্ষোভ নিবারণ করে, যা অবিচারে রূপ নেয়। (আল-মাবসুত লিস-সারাখসি, ৯/৬৮)

৩. সংবেদনশীল অঙ্গে আঘাত নিষিদ্ধ: শাসনের নামে শিশুর মুখ, মাথা, চোখ বা পেটে আঘাত করা সম্পূর্ণ হারাম। রাসুল (সা.) নির্দেশ দিয়ে বলেছেন, 'যখন তোমাদের কেউ প্রহার করে, সে যেন অবশ্যই চেহারা পরিহার করে।' (সহিহ মুসলিম, হাদিস: ২৬১২; আল-বাহরুর রায়েক, ৫/৪৪)

৪. ক্ষত সৃষ্টি না হওয়া: আঘাত এমন হতে হবে যাতে চামড়া না কাটে, রক্ত বের না হয় কিংবা শরীরে কোনো কালশিটে বা লাল দাগ না পড়ে। শরীরে দাগ ফেলা শরিয়তের দৃষ্টিতে অপরাধ ও ক্ষতিপূরণযোগ্য। (বাদায়িউস সানায়ে, ৭/৬৩; আল-মুগনি লি-ইবনে কুদামাহ, ৮/৩২৫)

৫. লাঠি ব্যবহার নিষিদ্ধ: হাত বা হালকা কাঠি দিয়ে সতর্ক করার উদ্দেশ্যে সর্বোচ্চ এক থেকে তিনটি মৃদু প্রতীকী আঘাতের অনুমতি রয়েছে। রড, চামড়ার বেল্ট বা ভারী লাঠি দিয়ে আঘাত করা শরিয়তে সম্পূর্ণ নিষিদ্ধ। (আল-ফতোয়া আল-হিন্দিয়্যাহ, ৫/৩৫৫)

আয়েশা (রা.) নবীজির আচরণ তুলে ধরে বলেন, 'নবীজি কখনো নিজ হাত দিয়ে কাউকে আঘাত করেননি–কোনো নারীকে নয়, কোনো সেবককে নয়; কেবল আল্লাহর পথে জিহাদের ময়দান ছাড়া।' (সহিহ মুসলিম, হাদিস: ২৩২৮)

নবীজির মূল নীতি ছিল, 'তোমরা মানুষের জন্য সহজ করো, কঠিন কোরো না; সুসংবাদ দাও, দূরে ঠেলে দিয়ো না।' (সহিহ বুখারি, হাদিস: ৬৯)

অনেক সময় মুখের কটু কথা শিশুর মনোজগতে গভীর ক্ষতের সৃষ্টি করে। সন্তানকে অপমান করা, বা অপয়া বলে গালমন্দ করা কিংবা অভিশাপ দেওয়া মহাপাপ।

গালমন্দের কঠোর নিষেধাজ্ঞা

অনেক সময় মুখের কটু কথা শিশুর মনোজগতে গভীর ক্ষতের সৃষ্টি করে। সন্তানকে অপমান করা, বা অপয়া বলে গালমন্দ করা কিংবা অভিশাপ দেওয়া মহাপাপ (কবিরা গুনাহ)।

রাসুল (সা.) সতর্ক করে বলেছেন, 'একজন খাঁটি মুমিন কখনো খোঁটাদানকারী, অভিশাপকারী, অশ্লীলভাষী কিংবা কটুভাষী হতে পারে না।' (সুনানে তিরমিজি, হাদিস: ১৯৭৭) সন্তানের ওপর বদদোয়া করতে নিষেধ করে নবীজি বলেন, 'তোমরা নিজেদের ওপর বদদোয়া কোরো না এবং তোমাদের সন্তানদের ওপরও বদদোয়া কোরো না।' (সহিহ মুসলিম, হাদিস: ৩০০৯) সন্তান মহান আল্লাহর দেওয়া এক পরম আমানত। শাসনের লক্ষ্য প্রতিশোধ বা ক্ষোভ ঝাড়া নয়, বরং ভালোবাসা ও শৃঙ্খলার মাধ্যমে সন্তানকে সুন্দর মানুষ বানানো। ধৈর্য, প্রজ্ঞা এবং মা-বাবার নিজেদের সচ্চরিত্রের মাধ্যমেই কেবল একটি শিশুকে সৎ ও আল্লাহভীরু হিসেবে গড়ে তোলা সম্ভব।

Government of the People's Republic of Bangladesh
Office of the Executive Engineer
Education Engineering Department
Chandpur.
Invitation for Tender (IFT)
**e-Tender Notice No: 15/2026-2027/(7016-TMED).**

Memo No: XEN/EED/Chandpur/e-Gp/408 Date: 24/09/2026.

e-Tender is invited in the National e-GP system portal (http/www.eprocure.gov.bd) for the procurement of following work, details is given below.

| Sl No | Package No. | Name of Works | Procure-ment Method | Tender ID No. | Tender/Proposal Document Last Selling/ downloading Date and Time | Tender/Proposal Opening Date and Time |
|---|---|---|---|---|---|---|
| 01. | 06/TMED-7016/2025-26/XEN/EED/Chandpur/2026-27 | Construction of Single Storied Academic Building With 4 Storied Foundation Including Sanitary, Water Supply and Electrification Works at **Sholla Dakhil Madrasha** Under Faridganj Upazilla Chandpur District. (RMS ID: 2014104, FY: 2025-26) | **OTM** | **1340177** | **11-Oct-2026 15:00** | **12-Oct-2026 13:00** |
| 02. | 07/TMED-7016/2025-26/XEN/EED/Chandpur/2026-27 | Construction of Single Storied Academic Building With 4 Storied Foundation Including Sanitary, Water Supply and Electrification Works at **Daiara D.S.M.N.I. Dakhil Madrasha** Under Shahrasti Upazilla Chandpur District. (RMS ID: 2014055, FY: 2025-26) | **OTM** | **1340178** | **11-Oct-2026 15:00** | **12-Oct-2026 13:00** |

This is an online Tender, Where only e-Tender will be accepted in the National e-GP portal and no offline/hard copies will be accepted.

To submit e-Tender, registration in the National e-GP system portal (http//www.eprocure.gov.bd) is required. The fees for downloading the e-Tender documents from the National e-GP system portal have to be deposited online through any registered Bank branches as mentioned above. Further information and guidelines are available in the National e-GP system portal and e-GP help desk (helpdesk@eprocure.gov.bd)

২৪/৯/২৬
**(Mujahidul Islam Alif)**
Executive Engineer
Education Engineering Depart
Chandpur.

## হাজীগঞ্জে সাপের কামড়ে

লোকজন দ্রুত তাকে হাজীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে পৌঁছানোর পর কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা করে তাকে মৃত ঘোষণা করেন।
স্থানীয় ইউনিয়ন যুবদলের সভাপতি মো. সাইফুল ইসলাম জানান, বিলের মাঝে কাজ করার সময় কোনো বিষাক্ত সাপ তাকে কামড় দেয়। তবে শুরুতে তিনি বিষয়টি বুঝতে পারেননি বা ব্যথাও তেমন অনুভব করেননি। বাড়িতে আসার পর বিষক্রিয়া ছড়িয়ে পড়লে তীব্র ব্যথা ও বমি শুরু হয়। হাসপাতালে নেওয়ার পথেই তার মৃত্যু হয়েছে বলে ধারণা করা হচ্ছে।
বড়কুল পশ্চিম ইউনিয়নের সদস্য (ইউপি সদস্য) মো. জহির হোসেন সাপের কামড়ে ওই কৃষকের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।
এ বিষয়ে হাজীগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আহমেদ তানভীর হাসান জানান, হাসপাতালে নিয়ে আসার আগেই হান্নান মিজি নামের ওই ব্যক্তির মৃত্যু হয়েছে।

## আল আমিন একাডেমি স্কুল এন্ড

৯৮ জন শিক্ষার্থী বৃত্তি লাভ করে শিক্ষাবোর্ডে চতুর্থ স্থান অর্জন করে। ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় ২২৭ জন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করে শিক্ষাবোর্ডে পঞ্চম এবং চাঁদপুর জেলায় প্রথম স্থান অর্জন করেছে বলে সংবাদ সম্মেলনে দাবি করা হয়।
১৯৭৮ সালে ১৪ জন শিক্ষার্থী নিয়ে যাত্রা শুরু করে। সংবাদ সম্মেলনে আল-আমিন একাডেমির প্রতিষ্ঠার ইতিহাস তুলে ধরে তিনি বলেন, বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যক্ষ মুহাম্মদ আবদুর রবের পরিকল্পনায় ১৯৭৭ সালের ৭ জানুয়ারি 'আল-আমিন সোসাইটি'প্রতিষ্ঠিত হয়। সোসাইটির উদ্যোগে ১৯৭৮ সালের ২২ জানুয়ারি নতুন বাজারস্থ আহমদীয়া মাদরাসায় মাত্র ১৪ জন শিক্ষার্থী নিয়ে চারটি শ্রেণিতে আল-আমিন একাডেমির কার্যক্রম শুরু হয়।
পরবর্তীতে সোসাইটির প্রতিষ্ঠাতা ও সদস্যদের সহযোগিতায় জমি সংগ্রহ এবং তহবিল গঠন করা হয়। ১৯৮০ সালের ১২ জুলাই নিজস্ব ভবনের নির্মাণ কাজ শুরু হয়ে ১৯৮১ সালে তা ব্যবহার উপযোগী হয়। এরপর নতুন বাজারের আহমদীয়া মাদরাসা থেকে বর্তমান কাজী নজরুল ইসলাম রোডের নিজস্ব ভবনে প্রতিষ্ঠানটির কার্যক্রম স্থানান্তর করা হয়।
১৯৮৩ সালের ১ জানুয়ারি জুনিয়র হাইস্কুল হিসেবে অনুমোদন এবং ১৯৮৬ সালের ১ জানুয়ারি উচ্চ বিদ্যালয় হিসেবে কুমিল্লা শিক্ষা বোর্ডের স্বীকৃতি লাভ করে প্রতিষ্ঠানটি। পরবর্তীতে একাদশ শ্রেণি চালুর অনুমতি এবং ছাত্রী শাখাকে পৃথক ব্রাঞ্চ স্কুল হিসেবে পরিচালনার অনুমোদন দেয়া হয়।
১৭টি কমিটি অনুমোদনের দাবি: সংবাদ সম্মেলনে আল-আমিন সোসাইটির পক্ষ থেকে দাবি করা হয়, ১৯৮৬ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত সোসাইটি কর্তৃক গঠিত ১৭টি ধারাবাহিক ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি কুমিল্লা শিক্ষা বোর্ড অনুমোদন করেছে।
অ্যাডভোকেট শাহজাহান মিয়া বলেন, ২০১৯ সালে একটি অভিযোগের পরিপ্রেক্ষিতে তৎকালীন সময়ে আল-আমিন সোসাইটির গভর্নিং বডি বাতিল করা হয়। ওই সিদ্ধান্তের বিরুদ্ধে হাইকোর্টে রিট পিটিশন দায়ের করা হলে গভর্নিং বডি বাতিলের চিঠির কার্যকারিতা স্থগিত হয় বলে তিনি দাবি করেন। তার বক্তব্য অনুযায়ী, পরবর্তীতে এ বিষয়ে আরও একটি রিট পিটিশন দায়ের করা হয়। ২০২৪ সালের গণঅভ্যুত্থানের পর কুমিল্লা শিক্ষা বোর্ড ৩১ অক্টোবর ২০২৪ তারিখে আল-আমিন সোসাইটির গভর্নিং বডি অনুমোদন করে।
এডভোকেট শাহজাহান মিয়া আরও বলেন, গত ১৫/৮/৮৮ ইং তারিখে কুমিল্লা শিক্ষা বোর্ড আল-আমিন সোসাইটি পরিচালিত প্রতিষ্ঠান হিসেবে আল-আমিন একাডেমির বিশেষ কমিটি অনুমোদন দেয়া যাবে কি না, এ মর্মে মতামত চেয়ে শিক্ষা বোর্ড চিঠি পাঠায়। উক্ত চিঠির জবাবে শিক্ষা মন্ত্রণালয় ২৭/১০/৮৮ ইং তারিখে সোসাইটির কমিটি অনুমোদনের অনুমতি প্রদান করে। সেই থেকে ১৮/৩/২০১৯ইং তারিখ পর্যন্ত একাডেমির সোসাইটি নির্ধারিত কমিটি অনুমোদন দিয়ে আসছে। সুতরাং আল-আমিন একাডেমি আল-আমিন সোসাইটির প্রতিষ্ঠান কি না–বিষয়টির সমাধান এখানেই হয়ে গেছে। তারপরও এ বিষয়ে বিতর্ক সৃষ্টি করা উদ্দেশ্যপ্রণোদিত।
তিনি আরও বলেন, ১৩/১০/২০২৫ইং তারিখে শিক্ষা মন্ত্রণালয় এবং ২৭/১০/২০২৫ইং তারিখে শিক্ষা বোর্ড একাডেমিকে ডাবল শিফটের অনুমোদন দিয়েছে। শিক্ষা বোর্ড বিগত ২০/০৯/২০২৬ইং তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং–ক.প/কমিটি/চাঁদ/৩৬, তারিখ: ১২/০৩/২০১৯ইং-এর নির্দেশনা অনুযায়ী একাডেমির বর্তমান গভর্নিং বডি বাতিল করেছে।
কিন্তু ওই চিঠির কার্যকারিতা ২১/০৩/২০১৯ইং তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ স্থগিত করেছেন, যা পরবর্তীতে মহামান্য সুপ্রিম কোর্ট পর্যন্ত বহাল ও বলবৎ রয়েছে। উক্ত চিঠির ভিত্তিতে একাডেমির বর্তমান কমিটি ভেঙে দেওয়া মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ অমান্য করার শামিল।
সোসাইটিকে না জানিয়ে গভর্নিং বডি বাতিল : সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, সম্প্রতি কুমিল্লা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক আল-আমিন একাডেমিতে গিয়ে সোসাইটির বক্তব্য ও লিখিত মতামত যথাযথভাবে গ্রহণ না করেই পূর্বের অভিযোগের প্রসঙ্গ তুলে ধরে বিদ্যমান গভর্নিং বডি বাতিলের প্রক্রিয়া গ্রহণ করেন।
লিখিত বক্তব্যে বলা হয়, গত ২০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে কুমিল্লা শিক্ষা বোর্ড আল-আমিন সোসাইটির গঠিত গভর্নিং বডি বাতিল করেছে। সোসাইটির দাবি, এ সিদ্ধান্ত বিধিবহির্ভূত এবং প্রতিষ্ঠানটির স্বাভাবিক ব্যবস্থাপনায় অযাচিত হস্তক্ষেপের শামিল।
অযাচিত সরকারি হস্তক্ষেপ বন্ধ করতে হবে : অ্যাডভোকেট মো. শাহজাহান মিয়া বলেন, 'আল-আমিন সোসাইটির সুষ্ঠু ব্যবস্থাপনার কারণেই চাঁদপুরবাসী একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান পেয়েছে। সকলের কল্যাণ চিন্তা ও কর্মসূচির কারণে প্রতিষ্ঠানটির পরিসর দিন দিন বৃদ্ধি পাচ্ছে।'
তিনি আরও বলেন, 'সুষ্ঠু ব্যবস্থাপনায় পরিচালিত প্রতিষ্ঠানটিতে অযাচিত সরকারি হস্তক্ষেপ বন্ধ করতে হবে। সোসাইটির গঠিত গভর্নিং বডি বাতিলের সিদ্ধান্ত চাঁদপুরবাসী মেনে নেবে না।'সংবাদ সম্মেলন থেকে আল-আমিন একাডেমির গভর্নিং বডি বাতিলের সিদ্ধান্ত প্রত্যাহার, সোসাইটির গঠিত গভর্নিং বডি বহাল এবং প্রতিষ্ঠানের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার দাবি জানানো হয়।
একই সঙ্গে আল-আমিন সোসাইটির পক্ষ থেকে সাংবাদিকদের মাধ্যমে প্রতিষ্ঠানটির ইতিহাস, ঐতিহ্য ও পরিচালনা ব্যবস্থা সম্পর্কে জনমত তুলে ধরার আহ্বান জানানো হয়। পাশাপাশি চাঁদপুরবাসীকেও এ বিষয়ে মতামত প্রকাশের আহ্বান জানানো হয়েছে।
চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদীর সভাপতিত্বে প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম এ লতিফের পরিচালনায় সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন, সোসাইটির নির্বাহী সদস্য এডভোকেট মাসুদুল ইসলাম, জাহাঙ্গীর আলম প্রধান, সাধারণ সদস্য অ্যাডভোকেট মো: শাহজাহান মিয়া খান, আব্দুর শুকুর মজুমদার, মজিবুর রহমান আনসারী, আফছার উদ্দিন মিয়াজী, এনসিপি চাঁদপুর জেলা সভাপতি মাহবুব আলম।
সাংবাদিকদের মধ্যে বক্তব্য রাখেন, চাঁদপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি শাহাদাত হোসেন শান্ত, সাবেক সাধারণ সম্পাদক রিয়াদ ফেরদৌস, কাদের পলাশ, সময় টিভির নিজস্ব প্রতিবেদক ফারুক আহমেদ। এছাড়াও উপস্থিত ছিলেন, চাঁদপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি শরীফ চৌধুরী, সাবেক সাধারণ সম্পাদক জি এম শাহীন, মির্জা জাকির, আল ইমরান শোভন, চাঁদপুর টেলিভিশন সাংবাদিক ফোরামের সাধারণ সম্পাদক তালহা যোবায়ের, চাঁদপুর ফটোজার্নালিস্ট এসোসিয়েশন এর সভাপতি চৌধুরী ইয়াসিন ইকরাম, সাধারণ সম্পাদক মো: শাওন পাওয়ারীসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ?

## সালাহউদ্দিন সাহেব সব মন্ত্রণালয়ের

এমন নিয়মিত দাবির জবাবে ডা. শফিকুর রহমান বলেন, 'যখন যে ক্ষমতায় থাকে, এসেই দাবি করে আইনশৃঙ্খলা পরিস্থিতি নাকি আগের চেয়ে ভালো। আমি জাতীয় সংসদেও বলেছি, সেই 'আগের' সংজ্ঞাও বুঝি না আর 'ভালো'র বাস্তব রূপও কোথাও খুঁজে পাই না। ঘরে-বাইরে, পথে-ঘাটে কোথাও কি নিরাপত্তা আছে? সম্প্রতি কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষিকার ছেলেকে হত্যা করা হলো, আর এখন দায় এড়াতে ছেলেটিকে উল্টো দোষী বানানোর চেষ্টা চলছে। এটি চরম দায়িত্বহীনতার লক্ষণ।'
সরকারি দলের শীর্ষ নেতৃত্বের অন্তর্কলীন নানা অভিযোগ ও বক্তব্য সামনে এনে বিরোধীদলীয় নেতা বলেন, 'সাধারণ মানুষের মধ্যে এখন তীব্র চর্চা হচ্ছে—সালাহউদ্দিন সাহেব সকল মন্ত্রণালয়ের ব্যাপারে খুবই দায়িত্বশীল, সবার বিষয়ে আন্তরিকভাবে খোঁজখবর রাখেন; কিন্তু কেবল নিজের মন্ত্রণালয়ের দায়িত্বটাই তিনি ঠিকমতো পালন করতে পারছেন না।'
এ সময় তিনি আরও উল্লেখ করেন, সংসদ ও বিভিন্ন গুরুত্বপূর্ণ মঞ্চে সরকারি দলের নেতারাই একে অপরের বিরুদ্ধে গুরুতর অভিযোগ তুলছেন। তাদেরই প্রভাবশালী নেতা গয়েশ্বর চন্দ্র রায় ট্রেজারি বেঞ্চে বসে বলেছেন যে দেশের সবচাইতে বড় মাদকের চালান আসে সংশ্লিষ্ট নেতার বাড়ির একান্ত দিয়েই।

## মতলবে ডেঙ্গুর উপসর্গ নিয়ে

এক সপ্তাহ ধরে জ্বরে আক্রান্ত ছিলেন। আমি তাকে বড় হাসপাতালের ডাক্তারের কাছে যেতে বলেছি। কিন্তু সে আমার কথা শোনেনি। হঠাৎ অবস্থার অবনতি হলে নিয়ে আসি। হাসপাতালে আনার পর ও নাক-মুখ দিয়া রক্ত বের হচ্ছিল। ডাক্তার চিকিৎসা করছে। পরে ঢাকা হাসপাতালে নেয়ার জন্য অ্যাম্বুলেন্সে রেডি করেছিলাম। কিন্তু যাওয়ার আগেই আমার ছেলের মৃত্যু হয়।
মতলব উত্তর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক মোবারক হোসেন মামুন বলেন, সিয়ামকে হাসপাতালে আনার পর পরীক্ষা-নিরীক্ষায় ডেঙ্গুর উপসর্গ পাওয়া যায়। তাঁর নাক ও মুখ দিয়ে রক্তক্ষরণ হচ্ছিল এবং অবস্থার দ্রুত অবনতি হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাঁকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। তবে হাসপাতালে নেওয়ার আগেই তাঁর মৃত্যু হয়।
তিনি আরও বলেন, কারও জ্বর হলে অবহেলা না করে দ্রুত নিকটস্থ স্বাস্থ্য কমপ্লেক্স বা হাসপাতালে এসে চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত। প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে ডেঙ্গু শনাক্ত করে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ওষুধ সেবন করতে হবে।

## বৃষ্টিতে বেহাল মতলব

যাওয়ার গুরুত্বপূর্ণ সড়কটির নূর মোহাম্মদের বাড়ী সংলগ্ন স্থানে পিচ উঠে সৃষ্টি হয়েছে গভীর গর্ত। সামান্য বৃষ্টিতে এসব গর্তে পানি জমে যাওয়ায় সড়কের ক্ষতিগ্রস্ত অংশ আরও ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। ১০ফুটের রাস্তাটি ৪ ফুটে পরিনত হয়েছে।
এটি উত্তর সরদারকান্দি, শাখারিপাড়া, জহিরাবাদ ও এখলাছপুরসহ আশপাশের এলাকার মানুষের মতলবের সঙ্গে যোগাযোগের অন্যতম গুরুত্বপূর্ণ সড়ক। প্রতিদিন এ সড়ক দিয়ে শিক্ষার্থী, ব্যবসায়ী, চাকরিজীবীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ যাতায়াত করেন। পাশাপাশি অটোরিকশা, সিএনজি, মোটরসাইকেলসহ বিভিন্ন যানবাহন চলাচল করে।
স্থানীয়রা জানান, দীর্ঘদিন ধরে সড়কটির বিভিন্ন অংশ নষ্ট হয়ে থাকলেও বৃষ্টির পর পরিস্থিতি আরও ভয়াবহ হয়েছে। গর্তগুলো এড়িয়ে যানবাহন চলাচল করতে গিয়ে প্রায়ই দুর্ঘটনার ঝুঁকি তৈরি হচ্ছে। বিশেষ করে রাতের বেলায় গর্তগুলো আরও বিপজ্জনক হয়ে ওঠে।
ইতোমধ্যে স্থানীয় ইউনিয়ন পরিষদের অর্থায়নে ক্ষতিগ্রস্ত অংশে বালুভর্তি বস্তা প্লেসিং করে সাময়িকভাবে সংস্কারের চেষ্টা করা হয়েছে। তবে স্থানীয়দের দাবি, এ উদ্যোগ পর্যাপ্ত নয়। সড়কটি টেকসইভাবে সংস্কার করে দ্রুত যানবাহন চলাচলের উপযোগী করার দাবি জানিয়েছেন তারা।
এ বিষয়ে মতলব উত্তর উপজেলা প্রকৌশলী সোহেল আনোয়ার বলেন, সড়কটির ক্ষতিগ্রস্ত অংশ আমরা অবগত হয়েছি। স্থায়ী সমাধানের জন্য ক্ষতিগ্রস্ত অংশ পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।
স্থানীয়দের প্রত্যাশা, জনদুর্ভোগ ও দুর্ঘটনার ঝুঁকি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত সড়কটির স্থায়ী সংস্কারের উদ্যোগ নেবে।

## টেকসই শান্তি প্রতিষ্ঠায়

১৩২৫ গ্রহণের ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে এর বাস্তবায়ন ও জবাবদিহিতা জোরদারের ওপর আলোচনা হয়। শামা ওবায়েদ বলেন, ২০০০ সালে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের নির্বাচিত সদস্য হিসেবে রেজুলেশন ১৩২৫ সমর্থনে বাংলাদেশ অগ্রণী ভূমিকা পালন করেছিল। তিনি সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর অর্থবহ অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে বাংলাদেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।
তিনি শান্তি প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ বৃদ্ধি, জলবায়ু ও মানবিক কার্যক্রমে নারী, শান্তি ও নিরাপত্তা (ডব্লিউপিএস) অ্যাজেন্ডার অন্তর্ভুক্তি এবং নারীর বিরুদ্ধে সহিংসতা ও অপরাধের ক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিতের আহ্বান জানান। প্রতিমন্ত্রী জানান, বাংলাদেশ নারী, শান্তি ও নিরাপত্তা বিষয়ক দ্বিতীয় জাতীয় কর্মপরিকল্পনা (ন্যাশনাল অ্যাকশন প্ল্যান) প্রণয়নের কাজ এগিয়ে নিচ্ছে। তিনি নারীদের বিরুদ্ধে ডিজিটাল হয়রানি ও কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই)-নির্ভর সহিংসতা মোকাবিলায় বাংলাদেশের নেতৃত্বাধীন উদ্যোগ 'ঢাকা ডায়ালগ'-এর বিষয়টি তুলে ধরেন। পাশাপাশি আসন্ন 'গ্রুপ অব ফ্রেন্ডস'-এ যোগ দিতে সদস্য রাষ্ট্রগুলোর প্রতি আমন্ত্রণ জানান।

## জাপান ও অস্ট্রেলিয়াসহ

রপ্তানির পাশাপাশি এসব বাজারে তৈরি পোশাক রপ্তানির মাসিক গড়ও বেড়েছে। ২০২৫-২৬ অর্থবছরে মাসিক গড় রপ্তানি ছিল ৫৭৪ দশমিক ৩৮ মিলিয়ন ডলার। চলতি অর্থবছরের প্রথম দুই মাসে তা বেড়ে দাঁড়িয়েছে ৬১১ দশমিক ৬০ মিলিয়ন ডলারে।
অপ্রচলিত বাজারে রপ্তানি বাড়ার সঙ্গে মোট তৈরি পোশাক রপ্তানিতে এসব বাজারের অংশও বেড়েছে। ২০২৫-২৬ অর্থবছরে মোট তৈরি পোশাক রপ্তানির ১৫ দশমিক ৯৩ শতাংশ এসেছিল অপ্রচলিত বাজার থেকে। চলতি অর্থবছরে এ হার বেড়ে দাঁড়িয়েছে ১৬ দশমিক ৩২ শতাংশে।
বাংলাদেশ অ্যাপারেল ভয়েসের প্রধান নির্বাহী কর্মকর্তা মহিউদ্দিন রুবেল বাসসকে বলেন, অপ্রচলিত বাজারে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি সম্প্রসারণের বিপুল সম্ভাবনা রয়েছে। এতদিন এসব বাজারে সেভাবে নজর দেওয়া হয়নি। এখন এসব বাজারকে গুরুত্ব দিয়ে সম্ভাবনাকে কাজে লাগানোর সময় এসেছে।
তিনি বলেন, অপ্রচলিত বাজার মানেই শুধু দামি পোশাকের বাজার নয়। এসব দেশে বিভিন্ন ধরনের তৈরি পোশাকের বড় চাহিদা রয়েছে। সব মিলিয়ে দেশগুলোতে শত শত বিলিয়ন ডলারের পোশাকের বাজার রয়েছে। তাই প্রচলিত বাজারের ওপর নির্ভরতা কমিয়ে রপ্তানি আরও বাড়াতে অপ্রচলিত বাজারের দিকে কৌশলগতভাবে গুরুত্ব দেওয়া প্রয়োজন।
ইপিবির তথ্য অনুযায়ী, আগস্টে অপ্রচলিত বাজারগুলোর মধ্যে জাপান ছিল বাংলাদেশের তৈরি পোশাকের সবচেয়ে বড় গন্তব্য। দেশটিতে ১১৮ দশমিক ৬৭ মিলিয়ন মার্কিন ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে। অস্ট্রেলিয়ায় রপ্তানি হয়েছে ৭৫ দশমিক ১৪ মিলিয়ন, ভারতে ৭২ দশমিক ৭৮ মিলিয়ন, তুরস্কে ৫৯ দশমিক ৫৭ মিলিয়ন এবং কোরিয়া প্রজাতন্ত্রে ৪৫ দশমিক ১৫ মিলিয়ন মার্কিন ডলারের তৈরি পোশাক। এ ছাড়া মেক্সিকোতে ৩২ দশমিক ৯৭ মিলিয়ন, সংযুক্ত আরব আমিরাতে ২৮ দশমিক ৬২ মিলিয়ন, ব্রাজিলে ২৪ দশমিক ২৪ মিলিয়ন, চীনে ২০ দশমিক ৭০ মিলিয়ন এবং সৌদি আরবে ১৯ দশমিক ২৫ মিলিয়ন মার্কিন ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে।
একই সময়ে মালয়েশিয়ায় ১৫ দশমিক ৯৮ মিলিয়ন, চিলিতে ১৩ দশমিক ১৫ মিলিয়ন, দক্ষিণ আফ্রিকায় ১৩ দশমিক ১০ মিলিয়ন, রাশিয়ায় ৯ দশমিক ৭৯ মিলিয়ন এবং নিউজিল্যান্ডে ৮ দশমিক ৬১ মিলিয়ন মার্কিন ডলারের তৈরি পোশাক রপ্তানি হয়েছে। অন্যান্য অপ্রচলিত বাজারে রপ্তানি হয়েছে আরও ৮৫ দশমিক ২১ মিলিয়ন মার্কিন ডলারের তৈরি পোশাক। ইপিবির তথ্য অনুযায়ী, আগস্টে বাংলাদেশের মোট তৈরি পোশাক রপ্তানি হয়েছে ৩ হাজার ৬০৮ দশমিক ৮৯ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে অপ্রচলিত বাজারে ৬৪২ দশমিক ৯৩ মিলিয়ন ডলারের রপ্তানি নতুন বাজার সম্প্রসারণের সম্ভাবনাকে আরও জোরালো করেছে।
রপ্তানি গন্তব্যে বৈচিত্র্য আনার এই প্রবণতা প্রচলিত বাজারের ওপর নির্ভরতা কমানোর পাশাপাশি নতুন বাজারে বাংলাদেশের তৈরি পোশাকের উপস্থিতি বাড়ানোর সুযোগ তৈরি করছে। আগস্টের রেকর্ড রপ্তানি এবং চলতি অর্থবছরে অপ্রচলিত বাজারের বাড়তে থাকা অংশ বাজার বহুমুখীকরণের সম্ভাবনাকে আরও স্পষ্ট করেছে।

## মালয়েশিয়ায় রোবোটিক্স

শিক্ষার্থী সানিয়ার এই অসাধারণ সাফল্যে কেএফটি কলেজিয়েট স্কুল অত্যন্ত আনন্দিত ও গর্বিত। তিনি বলেন, আমাদের শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও স্থানীয় শিক্ষানুরাগী এ খবর শুনে আনন্দ উচ্ছ্বাস প্রকাশ করেছেন। এ অর্জন শুধু কেএফটি কলেজিয়েট স্কুল, মতলব কিংবা চাঁদপুরের নয়; এটি বাংলাদেশের জন্যও গৌরবের বিষয়।
কেএফটি কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ সাবেক সচিব মো. জাকির হোসেন কামাল ও প্রতিষ্ঠাতা বেলায়েত হোসেন জুলহাস জানান , আন্তর্জাতিক অঙ্গনে দেশের পতাকা উজ্জ্বল করা এই দুই শিক্ষার্থীর সাফল্য বাংলাদেশের তরুণ প্রজন্মের মেধা, সৃজনশীলতা ও প্রযুক্তিভিত্তিক শিক্ষার সম্ভাবনাকে আরও একবার সামনে নিয়ে এসেছে। ভবিষ্যতে আমরা তাদের এমন উদ্ভাবনী কর্মকাণ্ডে পাশে থাকবো ও সহযোগিতা করে যাবো।
প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও সংশ্লিষ্টদের গুরুত্বপূর্ণ অবদানের কথা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেছে এ দু-শিক্ষার্থী।

## ফরিদগঞ্জে কলেজ ছাত্রলীগের

নেয়া হয়েছে। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) দুপুরে ফরিদগঞ্জ থানায় বিশেষ ক্ষমতা আইনে দায়েরকৃত মামলায় তাঁকে আদালতে প্রেরণ করা হয়েছে।
এ বিষয়ে ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ এরশাদ উল্যাহ বলেন, নিষিদ্ধ ঘোষিত সংগঠনের বেআইনি তৎপরতা ও নাশকতা প্রতিরোধে পুলিশের বিশেষ অভিযান চলমান রয়েছে। এরই অংশ হিসেবে রূপসা বাজার থেকে ছাত্রলীগ নেতা মহিউদ্দিন রিমনকে গ্রেফতার করে আদালতে প্রেরণ করা হয়েছে। উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এই অভিযান অব্যাহত থাকবে।

## নির্মাণের ৪ মাসেই

পড়ায় যেকোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। সড়ক নির্মাণে কী ধরনের উপকরণ ব্যবহার করা হয়েছে এবং কাজের মান ঠিক ছিল কি না, তা খতিয়ে দেখা প্রয়োজন।
নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক স্থানীয় বাসিন্দা অভিযোগ করেন, সড়কের দুই পাশে মাছের ঘের রয়েছে এবং সেখানে নিয়মিত মাছ চাষ করা হয়। তবে ঘেরের পাড় রক্ষায় চাষিদের তেমন কোনো ভূমিকা দেখা যায় না। বর্ষা মৌসুমে পানি ও মাটির চাপের কারণে সড়কের পাশের মাটি সরে গিয়ে সড়কটি ঝুঁকির মধ্যে পড়েছে। তাদের অভিযোগ, নির্মাণের সময় সড়কের স্থায়িত্ব নিশ্চিত করতে প্রয়োজনীয় প্রতিরোধব্যবস্থা নেওয়া হয়নি।
তবে সড়কের ধসের জন্য মাছের ঘেরকেই দায়ী করছেন পৌর কর্তৃপক্ষের প্রকৌশলী। ফরিদগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী আব্দুল কাদের বলেন, সড়কের দুই পাশে থাকা মাছের ঘেরে মাছ চাষের কারণে রাস্তার নিচের অংশ থেকে মাটি সরে গিয়ে ধ্বসের সৃষ্টি হয়েছে। বিষয়টি নজরে আসার পর সড়ক রক্ষায় প্রাথমিক ব্যবস্থা নেওয়া হচ্ছে।
তিনি বলেন, বাঁশ ও মাটির বস্তা ব্যবহার করে সড়কের ক্ষতিগ্রস্ত অংশ টিকিয়ে রাখার কাজ শিগগিরই শুরু হবে।

## চাঁদপুরে পুকুর ভরাট করে খামারের

পরিবেশসম্মতভাবে অপসারণের জন্য তাঁকে সাত দিনের সময় দেয়া হয়েছে।
বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) দুপুরে চাঁদপুর জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তরের জেলা কার্যালয়ের উদ্যোগে শহরের ৯নং ওয়ার্ডের উত্তর-পশ্চিম বিষ্ণুদী এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।
ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০)-এর ৬(ঙ) ধারা লঙ্ঘন করে পুকুরের একটি অংশ ভরাট করে সেখানে গরুর খামারের বর্জ্য ফেলা হচ্ছিল। এ ঘটনায় শাহাদাত হোসেন গাজীকে এক লাখ টাকা জরিমানা করা হয়। পরে জরিমানার অর্থ আদায় করা হয়।
এছাড়া ভরাট করা অংশ খনন করে সেখানে জমে থাকা বর্জ্য অপসারণ এবং তা পরিবেশসম্মতভাবে ব্যবস্থাপনার জন্য সাত দিনের সময়সীমা নির্ধারণ করে দেয়া হয়।
অভিযান পরিচালনা করেন চাঁদপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল হুদা। ভ্রাম্যমাণ আদালতে প্রসিকিউশন পরিচালনা করেন পরিবেশ অধিদপ্তর চাঁদপুর জেলা কার্যালয়ের পরিদর্শক শরমিতা আহমেদ লিয়া।
অভিযানে পরিবেশ অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। আইনশৃঙ্খলা রক্ষায় চাঁদপুর জেলা পুলিশের একটি দল সহযোগিতা করে।
পরিবেশ অধিদপ্তর চাঁদপুর জেলা কার্যালয়ের উপপরিচালক মো. মিজানুর রহমান বলেন, পরিবেশ সুরক্ষায় এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

## মহানবী (সা.) যেভাবে ক্ষমা করতেন

সৈয়দ আবিদুল হক

ক্ষমা মানুষের সর্বোচ্চ নৈতিক গুণ, যা অন্তরের সংকীর্ণতা ও প্রতিশোধপরায়ণতা দূর করে প্রশান্তি আনে। প্রতিশোধ নেওয়া মানবীয় স্বভাব হলেও তা জয় করে ক্ষমা করাই প্রকৃত মহত্ত্ব।
রাসুল (সা.) শত্রুকেও নিঃশর্তভাবে ক্ষমা করা ও তার জন্য কল্যাণ কামনা করার যে অনন্য দৃষ্টান্ত রেখে গেছেন, তার তুলনা নেই। ক্ষমা শুধু তাঁর জীবনের এক বিশেষ বৈশিষ্ট্যই ছিল না, বরং কোরআনের নির্দেশনা অনুসরণে তাঁর সমগ্র জীবনদর্শনের মূল ভিত্তি ছিল।
কোরআনে ক্ষমার নির্দেশ
আল্লাহুতাআলা মহানবী (সা.)-কে ক্ষমার নীতি অবলম্বন করার নির্দেশ দিয়ে পবিত্র কোরআনে ঘোষণা করেন, 'আপনি ক্ষমার নীতি অবলম্বন করুন, সৎকাজের আদেশ করুন এবং অজ্ঞদের এড়িয়ে চলুন।' (সুরা আরাফ, আয়াত: ১৯৯)
অন্যত্র নবীজির কোমল হৃদয় ও মার্জিত আচরণের প্রশংসা করে আল্লাহুতাআলা বলেন, 'আল্লাহর রহমতেই আপনি তাদের প্রতি কোমল হৃদয় হয়েছিলেন; যদি আপনি কঠোর ও পাষাণ হৃদয় হতেন, তবে তারা আপনার নিকট থেকে সরে যেত। অতএব আপনি তাদের মার্জনা করুন এবং তাদের জন্য ক্ষমাপ্রার্থনা করুন।' (সুরা আলে ইমরান, আয়াত: ১৫৯)
আপনি ক্ষমার নীতি অবলম্বন করুন, সৎকাজের আদেশ করুন এবং অজ্ঞদের এড়িয়ে চলুন।
সুরা আরাফ, আয়াত: ১৯৯
এই আসমানি নির্দেশের পূর্ণ প্রতিফলন ঘটেছিল নবীজির জীবনের প্রতিটি অধ্যায়ে। উম্মুল মুমিনীন আয়েশাকে যখন রাসুলের চরিত্র সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল, তিনি বলেছিলেন, 'পবিত্র কোরআনই ছিল তাঁর চরিত্র।' (মুসনাদে আহমদ, হাদিস: ২৫৮১৩)
তায়েফে অসীম ধৈর্যের পরীক্ষা
নবুয়তের দশম বর্ষে মক্কায় কোরাইশদের নির্যাতন যখন চরম আকার ধারণ করে, তখন মহানবী (সা.) ইসলামের দাওয়াত নিয়ে তায়েফে গমন করেন। কিন্তু তায়েফের সরদাররা তাঁর বার্তা প্রত্যাখ্যান করে শহরের বখাটে ছেলেদের তাঁর পেছনে লাগিয়ে দেয়।
তারা তাঁকে গালমন্দ করে এবং পাথর ছুড়ে রক্তাক্ত করে। রক্তে তাঁর জুতা জোড়া পা দুটির সঙ্গে লেপ্টে গিয়েছিল।
এমন চরম নির্যাতন ও অপমানের মুখে জিবরাইল (আ.) পাহাড়ের দায়িত্বে নিয়োজিত ফেরেশতাকে নিয়ে রাসুলের দরবারে উপস্থিত হন এবং বলেন, আল্লাহ আপনার প্রতি আপনার সম্প্রদায়ের উক্তি এবং আপনার বিরুদ্ধে তাদের উত্তরও শুনেছেন, তিনি আপনার নিকট পাহাড়ের ফেরেশতাকে পাঠিয়েছেন, যেন আপনার সম্প্রদায়ের ব্যাপারে যা ইচ্ছা তাকে আদেশ করেন।
তখন পাহাড়ের ফেরেশতাও বললেন, 'হে মুহাম্মাদ (সা.), আপনার প্রতি আপনার সম্প্রদায়ের লোকজনের উক্তি আল্লাহুতাআলা শুনেছেন, আর আমি পাহাড়ের দায়িত্বে নিয়োজিত ফেরেশতা। আপনার রব আপনার কাছে আমাকে এ জন্য পাঠিয়েছেন যেন আপনি আপনার চাহিদামাফিক আমাকে নির্দেশ দেন। আপনি বললে আমি এই দুই পাহাড় তাদের ওপর চাপা দিয়ে দেব।'
কিন্তু তিনি চরমতম নিপীড়কদের জন্যও কোনো প্রতিশোধ বা ধ্বংস কামনা করেননি। তিনি উত্তর দিলেন, 'না, বরং আমি আশা করছি, আল্লাহুতাআলা হয়তো এদের বংশধর থেকেই এমন মানুষ জন্ম দেবেন, যারা এক আল্লাহর ইবাদত করবে এবং তাঁর সঙ্গে কাউকে শরিক করবে না।' (সহিহ বুখারি, হাদিস: ৩২৩১)
নিজের রক্তে ভেজা শরীরে শত্রু ধ্বংসের সুযোগ পেয়েও ক্ষমা ও কল্যাণের এই আকুতি মানবজাতির ইতিহাসে এক অনন্য দৃষ্টান্ত।
যে মক্কায় তিনি নির্যাতিত ও নিগৃহীত হয়েছিলেন, সেই মক্কায় এক ফোঁটা রক্তও না ঝরিয়ে তিনি মক্কাবাসীকে ক্ষমা করে দিলেন। বিজয়ী রাষ্ট্রনায়কদের ইতিহাসে মক্কা বিজয়ের এই সাধারণ ক্ষমা এক নজিরবিহীন দৃষ্টান্ত।
মক্কা বিজয়ে সাধারণ ক্ষমার ঘোষণা
মহানবী (সা.)-এর ক্ষমাশীলতার সবচেয়ে উজ্জ্বল ও ঐতিহাসিক মুহূর্ত ছিল অষ্টম হিজরিতে মক্কা বিজয়ের দিন। দীর্ঘ দুই দশক ধরে যে মক্কাবাসী তাঁকে ও তাঁর সাহাবিদের ওপর অমানুষিক নির্যাতন চালিয়েছিল, বয়কট করেছিল, মাতৃভূমি থেকে বিতাড়িত করেছিল এবং একের পর এক যুদ্ধ চাপিয়ে দিয়েছিল, সেই বিজিত শত্রুরাই আজ নবীজির সামনে সম্পূর্ণ অসহায় ও অবনতমস্তকে দাঁড়িয়ে।
১০ হাজার মুসলিম সেনাদল নিয়ে মক্কায় প্রবেশ করে তিনি বিজয়ী রাজাদের মতো প্রতিশোধ বা রক্তপাতের পথ বেছে নেননি।
কাবা প্রাঙ্গণে সমবেত ভীতসন্ত্রস্ত কোরাইশদের উদ্দেশে তিনি প্রশ্ন করলেন, 'হে কুরাইশ সম্প্রদায়, তোমরা আজ আমার কাছ থেকে কেমন ব্যবহার আশা করছ?' তারা উত্তর দিল, 'ভালো ব্যবহার আশা করছি। আপনি দয়ালু ভাই এবং দয়ালু ভাইয়ের সন্তান।' তখন মহানবী (সা.) সাধারণ ক্ষমার ঘোষণা দিয়ে বললেন, 'যাও, তোমরা সবাই স্বাধীন ও মুক্ত।


চাঁদপুরে ফিজিওথেরাপি ডাক্তার ও ডিপ্লোমা দ্বারা পরিচালিত

সেবা ফিজিওথেরাপি সেন্টার

ব্যথা মুক্ত সুস্থ্য জীবন....

(বাত-ব্যথা ও প্যারালাইসিস্ চিকিৎসা কেন্দ্র)

সেবা সমূহ: ইলেক্ট্রোথেরাপি, ম্যানুপুলেশন থেরাপি, আকুপাংচার, অর্থোসিস ও প্রস্থেসিস্, হিজামা চিকিৎসা, ফিজিও জিম

রোগীর থাকার ব্যবস্থা আছে

চাঁদপুর: স্টেডিয়াম রোড, বক্ষব্যাধি হাসপাতালের বিপরীত পার্শ্বে, চাঁদপুর।
ফরিদগঞ্জ: বাস স্ট্যান্ড, লিংক রোড (সেন্ট্রাল হস্পিটালের পিছনে) ফরিদগঞ্জ, চাঁদপুর।
হাজীগঞ্জ: পশ্চিম বাজার (আল-কাউছার স্কুল সংলগ্ন) হাজীগঞ্জ, চাঁদপুর।
রায়পুর: পৌরসভা রোড (এস এ পরিবহন সংলগ্ন) রায়পুর, লক্ষীপুর।

চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ
CHANDPUR AL-AMIN HOSPITAL
আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল: ০১৭১২১২৯৩২০

বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

| ডাক্তারগণের নাম | বিশেষজ্ঞ | রোগী দেখার সময় |
|---|---|---|
| ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন<br>সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান<br>নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ<br>শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল | নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ | প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা |
| ডাঃ আনোয়ার হোসেন<br>এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ(বিএসএমএমইউ)<br>সার্টিফাইড ফেলো কার্ডিওলজী<br>ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ)<br>মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা। | মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ | প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত। |
| ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার)<br>এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য)<br>এফসিপিএস(ইএনটি)<br>জাতীয় নাক, কান, গলা, ইনষ্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)।<br>২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।<br>মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত) | নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন | প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা |
| ডা: মো: সাদ্দাম হোসেন তালুকদার<br>এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য)<br>এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন), পজিটি রেসপিরেটরি মেডিসিন)<br>এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী)<br>মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।<br>জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা। | মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন | প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। |
| ডাঃ আজমিরা বেগম<br>এমবিবিএস(ঢামেক), বিসিএস(স্বাস্থ্য)<br>এম এস (গাইনী এন্ড অবস্)<br>২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।<br>বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০ | স্ত্রী, প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন | প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত |
| ডা: দ্বীন ইসলাম<br>এমবিবিএস (সিইউ)<br>ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল)<br>স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ<br>সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল | নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ | প্রতি রবি: থেকে বুধবার। |

আমাদের বৈশিষ্ট্য সমূহ:
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধা।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান



মালাপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা
গ্রাম: মালাপাড়া, পো: নাসিরকোর্ট, উপজেলা: হাজীগঞ্জ, জেলা: চাঁদপুর। ০১৯২৪৬৬২১৭৫

নিয়োগ বিজ্ঞপ্তি

চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলাধীন মালাপাড়ায় অবস্থিত, মালাপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার জন্য নিম্নবর্ণিত পদে শিক্ষক ও কর্মচারী নিয়োগ করা হবে।

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | পদ সংখ্যা | শর্তাবলী |
|---|---|---|---|
| সুপারিনটেনডেন্ট | কামিল/সমমান ডিগ্রী | সকল পদে ০১ (এক) জন (বেতন : আলোচনা সাপেক্ষে) | ১। আবেদন শুরু : ০১ সেপ্টেম্বর ২০২৬, আবেদন শেষ তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০২৬<br>২। শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা, বেসরকারি শিক্ষা কাঠামো ২০২৬ ও এনটিআরসিএ এর নিবন্ধন সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>৩। আবেদনের সাথে প্রার্থীর ০২ কপি রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।<br>৪। সদস্য সচিব, মালাপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, গ্রাম: মালাপাড়া বরাবর আবেদন করতে হবে।<br>৫। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিটি বাতিল, সংরক্ষণ, পরিবর্তন ও পরিবর্ধনের অধিকার সংরক্ষণ করেন। |
| সুপারিনটেনডেন্ট | কামিল/সমমান ডিগ্রী | | |
| সহকারী মৌলভী (আল কুরআন) | কামিল/সমমান ডিগ্রী | | |
| সহকারী মৌলভী (আল হাদীস) | কামিল/সমমান ডিগ্রী | | |
| সহকারী মৌলভী (আরবী) | নূরানী/হিফজ/ক্বিরাতসহ মালাপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার নিয়ম অনুযায়ী | | |
| সহকারী মৌলভী (ফিকহ/আকাইদ/দাওরাহ) | সংশ্লিষ্ট বিষয়ে ১০০ নম্বরের স্নাতক ডিগ্রি/সমমান | | |
| সহকারী শিক্ষক (ক্বারী) | সংশ্লিষ্ট বিষয়ে ১০০ নম্বরের স্নাতক ডিগ্রি/সমমান | | |
| সহকারী শিক্ষক (বাংলা) | সংশ্লিষ্ট বিষয়ে ১০০ নম্বরের স্নাতক ডিগ্রি/সমমান | | |
| সহকারী শিক্ষক (ইংরেজি) | সংশ্লিষ্ট বিষয়ে ১০০ নম্বরের স্নাতক ডিগ্রি/সমমান | | |
| নৈশ প্রহরী | জেডিসি/এসএসসি/মাদ্রাসা শিক্ষা কর্তৃক সমমান | | |
| আয়া | জেডিসি/এসএসসি/মাদ্রাসা শিক্ষা কর্তৃক সমমান | | |

কর্তৃপক্ষ
মালাপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা



